Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

adda247 CAREER POWER
BARASAT | RISHRA | DURGAPUR | SILIGURI
Join For Sure Success in
BANK | SSC | RAIL
C.TET & WB PSC
CONTACT - 8335877777

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

ACHIEVEMENT
Since 2007
For : WBCS, CGL, CHSL, RAIL PSC, SPOKEN ENGLISH etc.
নামমাত্র খরচে অল্পদিনেই চূড়ান্ত সাফল্য
At : বেলঘরিয়া, বারাসাত, মানিকতলা
9123328993/9231610947

বর্ষ ৩৯ সংখ্যা ৫০ কলকাতা বুধবার, ১৭ জুলাই ২০১৯/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ৩২ আষাঢ় ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## রাজ্যে ৩৪ হাজার শূন্যপদে অবিলম্বে নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি:** গ্রুপ 'ডি', ক্লার্ক, অফিসার-সহ পশ্চিমবঙ্গ সরকারের প্রায় ৩৪ হাজার শূন্যপদ অবিলম্বে পূরণ করার সিদ্ধান্ত নেওয়া হল। ১০ জুলাই বিধানসভায় সেই সিদ্ধান্তের কথা ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

মুখ্যমন্ত্রী জানিয়েছেন, গ্রুপ 'এ', গ্রুপ 'বি', গ্রুপ 'সি' ও গ্রুপ 'ডি' মিলিয়ে প্রায় ৩৪ হাজার শূন্যপদ খালি রয়েছে। শূন্যপদগুলিতে যাতে একইসঙ্গে নিয়োগের প্রক্রিয়া শুরু করা যায় সে ব্যাপারে সরকার চেষ্টা চালাচ্ছে। তিনি জানিয়েছেন, বিশেষ কর্মসূচির মাধ্যমে দ্রুত এই শূন্যপদগুলি পূরণ করা হবে।

দ্রুততার সঙ্গে প্রায় ৩৪ হাজার শূন্যপদে নিয়োগের জন্য গুটিয়ে ফেলা স্টাফ সিলেকশন কমিশন নতুন করে গড়া হবে বলেও সরকারি সূত্রে জানা গিয়েছে।

মুখ্যমন্ত্রী বিধানসভায় জানিয়েছেন, সরকারের বিভিন্ন দপ্তরে ৩৩ হাজার ৬৮৭টি পদ ফাঁকা রয়েছে। এর মধ্যে তফসিলি জাতি, তফসিলি উপজাতি এবং ও বি সিদের জন্য যথাক্রমে ৭,৪১১, ২,০২১ এবং ৫,৭২৮টি শূন্যপদ সংরক্ষিত। অসংরক্ষিত শূন্যপদের সংখ্যা ১৮,৫২৭টি। অসংরক্ষিত শূন্যপদের ১০ শতাংশ আর্থিক দিক থেকে পিছিয়ে থাকা সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।



গ্রুপ 'এ', গ্রুপ 'বি', গ্রুপ 'সি' এবং গ্রুপ 'ডি' মিলিয়েই প্রায় ৩৪ হাজার শূন্যপদ ফাঁকা। ওইসব পদে অফিসার থেকে চতুর্থ শ্রেণির কর্মীদের একইসঙ্গে যাতে নিয়োগ করা যায় সরকার সেই চেষ্টা চালাচ্ছে। — মমতা বন্দ্যোপাধ্যায়

সরকারি ও নিজস্ব হাসপাতালে ১১০০ ছেলেমেয়ের নার্সিং, ফার্মাসি, প্যারামেডিকেল কোর্সে ট্রেনিং দিয়ে চাকরি

GNM, B.Sc. নার্সিং, ANM নার্সিং, D-Pharm, DMLT, ECG, X-RAY

Recognised by Govt.-INC-PCI various State Govt. Council, UGC Approved University



নিজস্ব প্রতিনিধি : পঃ বঃ সরকার, কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগে তথা বেসরকারি স্বাস্থ্য বিভাগে স্টাফ নার্স পদে প্রচুর চাহিদা ও চাকরির অফুরন্ত সুযোগের কথা মাথায় রেখে "ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিক্যাল সায়েন্স" ও "অ্যাসোসিয়েট গ্রুপ অফ নার্সিং ইনস্টিটিউশন" এর যৌথ উদ্যোগে ১১০০ ছেলে ও মেয়েকে কাউন্সিলিং এর মাধ্যমে GNM, B.Sc. নার্সিং, D.Pharmacy, DMLT, ECG, X-Ray কোর্সে সরাসরি ভর্তি শুরু হয়েছে।

পঃ বঃ সরকারের অধীনস্থ GNM কোর্সে আবেদনকারী আশানুরূপ র‍্যাঙ্কিং এ ব্যর্থ ছাত্রছাত্রীরা শীঘ্র যোগাযোগ করুন।

যোগ্যতা : ন্যূনতম উচ্চমাধ্যমিকে 40% মার্কসসহ যেকোনো শাখায় পাশ ছেলে ও মেয়েরা GNM এবং সায়েন্স শাখায় ন্যূনতম 45% মার্কসসহ পাশ ছেলে ও মেয়েরা B.Sc. নার্সিং ও ফার্মাসি কোর্সে আবেদনযোগ্য

বিশেষত্ব : ☛ 100% Job এবং Education Loan
☛ সার্টিফিকেট পশ্চিমবঙ্গ সরকার সহ সারা ভারতবর্ষে সরকারি ও বেসরকারিতে মান্যতাপ্রাপ্ত
☛ নিজস্ব কলেজ ও সরকারি ও নিজস্ব হাসপাতালে প্র্যাক্টিক্যালের ব্যবস্থা।

ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিক্যাল সায়েন্স
(Govt. Regd. ISO 9001 : 2015 certified)

কোলকাতা (মেডিভিউ চিকিৎসালয়ের কাছে) : 033-46028297, 9836442992, 8145960410, বারাসাত (হসপিটাল 2nd গেটের পাশে) : 8972046553, বহরমপুর (মেডিকেল কলেজ রোড এর বিপরীতে) : 7450978001, বর্ধমান (হসপিটাল / G.T. রোড) : 7319013461, শিলিগুড়ি (প্যাটেল রোড / হেরিটেজ মোড়, NJB জংশনের কাছে) : 8167033305

Visit our website : www.ninps.org

## রাজ্য স্বাস্থ্য দপ্তরে ৮১৫৯ স্টাফ নার্স

৮,১৫৯ জন স্টাফ নার্স গ্রেড-টু নেবে পশ্চিমবঙ্গ রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিসে প্রার্থীদের নিয়োগ করা হবে। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: R/SN/65(1)/2019. পুরুষরা কেবল জি এন এম ক্যাটেগরিতে আবেদন করবেন।

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস: জি এন এম:** সাধারণ ৪১৬টি (মহিলা ৩৭৫, পুরুষ ৪১), তফসিলি জাতি ১৬৪১টি (মহিলা ১৫৬২, পুরুষ ৭৯), তফসিলি উপজাতি ৩৫৬টি (মহিলা ৩৩৯, পুরুষ ১৭), ও বি সি-এ ৯৩০টি (মহিলা ৮৯৩, পুরুষ ৩৭), ও বি সি-বি ৬৭টি (মহিলা ৫০, পুরুষ ১৭), দৈহিক প্রতিবন্ধী ৪৪৬টি (মহিলা ৪৩৩, পুরুষ ১৩)। **বেসিক বি এসসি নার্সিং:** সাধারণ ১৫১৩, তফসিলি জাতি ৯৮১, তফসিলি উপজাতি ৩২৪, ও বি সি-এ ৬৫০, ও বি সি-বি ১৬৮, দৈহিক প্রতিবন্ধী ২২২। **পোস্ট বেসিক বি এসসি নার্সিং:** সাধারণ ২৩৫, তফসিলি জাতি ৯৫, তফসিলি উপজাতি ২৬, ও বি সি-এ ৪৭, ও বি সি-বি ২৯, দৈহিক প্রতিবন্ধী ১৩।

**শিক্ষাগত যোগ্যতা:** ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল ও ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত নার্সিং ট্রেনিং স্কুল বা কলেজ অব নার্সিং থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি বা বেসিক বি এসসি (নার্সিং) বা পোস্ট বেসিক বি এসসি (নার্সিং) কোর্স পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। প্রার্থীকে বাংলা অথবা নেপালি ভাষায় কথা বলতে ও লিখতে জানতে হবে।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** উভয়ক্ষেত্রেই ৭,১০০-৩৭,৬০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৩,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত স্তরে প্রাপ্ত নম্বর, কাজের অভিজ্ঞতা ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে ১৯ থেকে ২৯ জুলাই পর্যন্ত। অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ

*এরপর চোদ্দোর পাতায়*

## বেসিলে ২৬৭৮

চুক্তিতে ২,৬৭৮ জন কর্মী নিয়োগ করবে ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া (বেসিল)। এটি কেন্দ্রের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীনস্থ সংস্থা। নিয়োগ করা হবে স্কিল্ড এবং আন-স্কিল্ড পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BECIL/CONTRACT JOB/Advt.2019/02.

**স্কিল্ড ম্যানপাওয়ার:** মোট শূন্যপদ ১,৩৩৬টি। **শিক্ষাগত যোগ্যতা:**

*এরপর চোদ্দোর পাতায়*

## রাউরকেল্লার ইস্পাত হাসপাতালে ৩৩৯

নার্সিং সিস্টার (ট্রেনি), টেকনিশিয়ান (ট্রেনি), অ্যাটেন্ড্যান্ট-সহ বিভিন্ন পদে ৩৩৯ জন কর্মী নেবে স্টিল অথরিটি অব ইন্ডিয়া (সেইল)। নিয়োগ হবে রাউরকেল্লা স্টিল প্লান্টের অধীনস্থ ইস্পাত জেনারেল হাসপাতালে। ট্রেনি পদের ক্ষেত্রে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 04/2019.

**শূন্যপদের বিবরণ: নার্সিং সিস্টার (ট্রেনি):** ২৩৪টি (সাধারণ ৯৪, তফসিলি জাতি ৩৭, তফসিলি উপজাতি ৫২, ও বি সি ২৮, আর্থিকভাবে

*এরপর চোদ্দোর পাতায়*

## সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানে ২৩১ নার্সিং অফিসার

নার্সিং অফিসার পদে ২৩১ জনকে নেবে শিলংয়ের নর্থ ইস্টার্ন ইন্দিরা গান্ধি রিজিওনাল ইনস্টিটিউট অব হেলথ অ্যান্ড মেডিক্যাল সায়েন্সেস। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NEIGR E.III/10/2016/Pt.

**মোট শূন্যপদ:** ২৩১টি (সাধারণ ৯৫, তফসিলি জাতি ৩৪, তফসিলি উপজাতি ১৭, ও বি সি ৬২, আর্থিকভাবে অনগ্রসর ২৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সঙ্গে জেনারেল

*এরপর চোদ্দোর পাতায়*

কোর্স করেই চাকরির শেষ সুযোগ

মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফলের পর কি নিয়ে পড়বেন ? বা কি নিয়ে পড়লে সহজে চাকরি পাবেন সেই চিন্তায় অনেক ছাত্র-ছাত্রী এখনও হতাশাগ্রস্থ। বর্তমান পরিস্থিতিতে প্রত্যেকেরই একটা চাকরির প্রয়োজন। আয়ের উৎস হল চাকরি। জীবনে চলার পথে প্রতিটি ক্ষেত্রেই অর্থের প্রয়োজন। অর্থ ছাড়া মানুষ আজ অসহায়, জীবনে চলার পথে সঠিক পথনির্দেশ পেলে ছাত্রছাত্রী উভয়েই উজ্জ্বল ভবিষ্যৎ গড়তে সক্ষম। বর্তমান সমাজ ব্যবস্থায় কোর্স করেই চাকরির শ্রেষ্ঠ ঠিকানা Hotel & Hospitality Management, এই কোর্স করলে আপনি অতি সহজেই পাবেন চাকরি। এখন সবথেকে বড় প্রশ্ন Hotel বা Hospitality Management-এর College তো অনেক আছে। কোথায় ভর্তি হলে আপনি সঠিক চাকরি পাবেন বা কোনো রকমের প্রতারণায় পড়বেন না ? College-এর Campus দেখে নয়, যে College-এ আপনি ভর্তি হবেন সেই কলেজ আপনাকে চাকরী দেবে কিনা ? বা বিগত বছরে সেই কলেজের ছাত্রছাত্রীরা চাকরি পেয়েছে কিনা ? তা দেখে ভর্তি হবেন। বর্তমানে TIEM এমন একটি Management College যেখানে ভর্তি হলেই আপনার ভাগ্য যাবে বদলে, কারন TIEM দিচ্ছে কম খরচে কোর্স করে দেশে ও বিদেশে চাকরীর সুযোগ। TIEM কখনও Course Fees-এর থেকে বেশি টাকা দাবী করে না। TIEM-এ ভর্তি প্রায় শেষ পর্যায়ে। ভর্তির জন্য আজই যোগাযোগ করুন-- 9002469602 এবং 9134049034 নম্বরে।

TIEM®
Govt. Reg. : S/2L/No. 33016

Admission Open
The Institute of Education & Management
AN ISO 9001:2015 Certified

Hotel & Hospitality Management
কোর্স করলেই চাকরি

100% Placement
Else Money Back
দুঃস্থ ছাত্রছাত্রীদের বিনা খরচে কোর্স করার সুযোগ।

■ কোর্স করতে করতে দেশ বিদেশে চাকরির সুযোগ।
■ মাসিক কিস্তিতে কোর্স করার সুযোগ।

■ কেন TIEM-এ ভর্তি হবেন ?
❖ ভর্তির সময় Job bond Letter. ❖ Bank Loan-এর ব্যবস্থা ও চাকরি পাওয়ার পর পরিশোধ করার সুবিধা।
❖ Instalment এ Course Fees দেওয়ার সুবিধা।
❖ ন্যূনতম Course Fees এবং অফুরন্ত সুযোগ।
❖ Fully AC Campus. ❖ wi-fi connectivity.
❖ Free Separate Hostel facilities for Girls & Boys. ❖ Regular Industry visit.
❖ Concession for SC/ST/OBC/Girls
❖ Books & Uniform Free.

ভর্তির শেষ তারিখ
23.07.2019



Tamluk Campus :
Hospital More, Tamluk, Purba Medinipur, Pin-721636
Call : 9134049034/8697588002
Kolkata Campus :
6, Seal's Garden Lane, Kolkata - 700 002
Call : 9002469602/6289638534

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ৫০ □ ১৭ জুলাই ২০১৯

**ই-মেল ঠিকানা**

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

### নগর দেওয়ানী আদালত, কলিকাতা

**নিয়োগ-সংক্রান্ত বিজ্ঞপ্তি** নং CT.CVL.CRT. 1/2019 তাং ০৯/০৭/২০১৯ উপযুক্ত ভারতীয় নাগরিকদের থেকে কলিকাতা নগর দেওয়ানী আদালতের বর্তমান ও সম্ভাব্য বিভিন্ন শূন্য পদে নিয়োগের উদ্দেশ্যে তালিকা প্রস্তুতির জন্য অনলাইন দরখাস্ত আহ্বান করা হচ্ছে। বিস্তারিত তথ্য সরকারি ওয়েবসাইট www.districts.ecourts.gov.in /kolkata -city-civil-court অথবা www .cjcitycivilcourt.com-এ পাওয়া যাবে। পূরণ করা অনলাইনে আবেদনপত্র ১২/০৭/২০১৯ তারিখ (সকাল ১০টা) থেকে ০১/০৮/২০১৯ তারিখ (বিকাল ৫টা) পর্যন্ত উপরিউক্ত ওয়েবসাইটে গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষার তারিখ পরে উপরিউক্ত ওয়েবসাইটে জানানো হবে। স্বা/- চেয়ারম্যান, নিয়োগ কমিটি ও মুখ্য বিচারক, নগর দেওয়ানী আদালত, কলিকাতা।

□

**Salary 10400 - 19500/-**
**3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া** Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

**Jio / SBI কাস্টমার কেয়ারে M/F** নিয়োগ চলছে। বেতন: INC + OT সহ 12,000/- Z. M. Group, Salt Lake. Sec-V, Kol-91, 90513-76362/ 74509-64662.

□

**মহিলা রিসেপশনিস্ট চাই।** যোগ্যতা: মাধ্যমিক-গ্র্যাজুয়েশন, বয়স: (24-30) (অবিবাহিতা অগ্রগণ্য)। বেতন: 4-5,000/-. প্রতিভা রিসার্চ ইনস্টিটিউট, সাঁকরাইল, হাওড়া-98311-52957.

□

**SBI Banking/ Naptol/Jio কাস্টমার** কেয়ারে বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 12,000/- Z. M. S, Salt Lake, Sec-V, Kol-91, M: 90880-93050 / 91443-50092.

□

**নিজের ঘরে বসে পার্টটাইমে 3,000/-** ফুলটাইমে 6,000/-, যে-কোনও বয়সে এই কাজ করা যায়। প্রিয়াঙ্কা ল্যামিনেশনে পুরুষ ও মহিলা শীঘ্রই আসুন। M: 91632-89807, ডোমজুড়, হাওড়া।

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২০ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

৩১ জুলাই কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৭ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

**মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন** নামী Pharma কোম্পানিতে; CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 83350-59818.

□

**Direct কোম্পানিতে ন্যূনতম H. S. পাশ** (18-30) 17 জন কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8-10K, Itech, ডানলপ, Kol-108. M: 83368-25980.

□

### স্টার হোটেলে চাকরি

**ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি,** ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

### স্টার হোটেলে 6-17,500/-

**রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ** স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

**SBI/ UCO /HDFC /YES BANK-** MNC Co.-তে সরাসরি অফিসিয়াল/ স্থায়ীপদে (Day Shift) (10 am-6 pm) 412 জন স্মার্ট বাংলাভাষী (18-36) M/F সরাসরি নিয়োগ। বেতন: 11,754/- – 34,850/- (PF + ESI + INC). W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, বেহালা / ধর্মতলা: 62892-51870, বিধাননগর / হাওড়া: 90513-83837 ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779 গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট লিখিত গ্যারান্টি-সহ ৬ দিনের মধ্যে কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও BANK-এ M/F চাই

**বিভিন্ন অফিসিয়াল পদে অভিজ্ঞ ও** অনভিজ্ঞ কর্মপ্রার্থী যোগাযোগ করতে পারেন, বেতন শুরু: ১৭,০০০/- থেকে উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে নিয়োগ ও বেতন বৃদ্ধি শীঘ্রই যোগাযোগ করুন। বায়োডাটা-সহ শিক্ষাগত যোগ্যতার কাগজপত্র নিয়ে। R. P. L. C, ডানলপ, কোল-01, (M): 87685-69064.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

**ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I** Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86976-16100 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 গড়িয়া ও দমদম: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

### IIFA BPO সংস্থা

**Airtel, SBI, Vodafone, JIO-4G** কাস্টমার কেয়ারে এক্সিকিউটিভ/ টেকনিক্যাল পোস্টে বেসিক সার্ভিস ট্রেনিং অন্তে ছেলে/মেয়ে নিয়োগ, যোগ্যতা: মাধ্যমিক-গ্র্যাজুয়েট, বয়স: ১৮-৩৫, বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। IIFA, Kol-28. দমদম: 84206-66060, গড়িয়া: 90020-33880, শিলিগুড়ি: 78900-33388.

□

### এয়ারপোর্ট ও মেট্রোর গভঃ রেজিঃ সংস্থা R/L No.-3292 M: 74070-36062

**শূন্যপদ: 216, বয়স: 18-35 পুরুষ** মহিলা কর্মপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই থেকে স্নাতক। বেতন: 16,900/- – 48,700/-, PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। S. J. S, Kol-110.

□

## কর্মখালি

### সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank

**বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে** স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www .gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

### সরাসরি জয়েনিং ৭ দিনে, Pvt, BANK ও এয়ারপোর্টে

**(৮ম-স্নাতক) M/F নিয়োগ চলছে।** লাইসেন্স নং- X28059E শূন্যপদ: ১৯৬, বেতন: 16,700/- – 38,200/- Pvt. Bank-এ প্রতিটি জেলায় ও Airport এবং METRO-তে কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ চলছে। পদ: Peon, ক্লার্ক, Office বয়, ইনচার্জ, SV, চেকিংবয়, ট্রলিবয়, হাউসকিপিং। ESI, PF ও খাওয়া থাকা ফ্রি। Dum Dum, Kol-52. (M): 96797-76168 (N. C.)

□

**Jio / SBI কাস্টমার কেয়ারে বাংলা** কথা বলার জন্য M/F নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-উচ্চমাধ্যমিক। বেতন: INC + OT সহ 12,000/- Z. M. Group, Salt Lake. Sec-V, Kol-91, হাওড়া ও হুগলি: 90880-93059, উঃ দঃ 24 পরগনা: 70440-49492.

□

### Direct নিয়োগ এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে M: 96148-26939

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো** ও Pvt. ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48,900/-. PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রীতে। S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-74.

□

### Airport ও মেট্রোয় পার্মানেন্ট জব Govt - R/L No.-0287

**কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি** সহকারে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,600/- – 48,500/-, S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-54. M: 89678-57516.

□

### সরাসরি 7 দিনে স্থায়ী চাকরি

**গভঃ রেজিঃ নং: 254/01, কোনও** ডোনেশন লাগে না। যোগ্যতা: নামসই-স্নাতক। সরাসরি কোং পে-রোলে উঃবঙ্গ-সহ 23টি জেলায় স্থায়ী জব। বেতন: 14,500/- – 37,500/-. পদ: ক্লার্ক, ম্যানেজার, SV, ASV, ইনচার্জ, পিওন, ATM, টাওয়ার, ব্যাঙ্ক (DSA), Ex-ম্যান, গানম্যান। (কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেল, এয়ারপোর্ট, জাহাজে, মার্চেন্ট নেভিতে) OT, ছুটি, PF, বোনাস, থাকা, খাওয়া (সাঁওতাল, আদিবাসী, মুন্ডাদের) ST, SC, OBC-দের সুবিধা। G.C.A, B. B. N 24 Pgs, 99335-27495, 80136-07954.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি সপ্তায় 6 দিন

**গভঃ স্বীকৃত Airport ও Pvt. ব্যাঙ্কে** কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন। S. R. C. Pvt. Ltd, G. Place, Kol-1, (M): 81168-54264.

□

**Jio/ SBI/ Naptol কাস্টমার কেয়ারে** M/F নিয়োগ চলছে। বেতন: INC + OT-সহ 12,000/- Z. M. S, Salt Lake, Sec-V, Kol-91. 96747-95345.

□

**বর্ধমান অফিসে মহিলা টেলিকলার চাই।** HS + 9,000/- + 10-6 (ডিউটি)। Ability, বর্ধমান-1, 70635-84835.

□

## কর্মখালি

### এয়ারপোর্ট ও ব্যাঙ্কে সরাসরি স্ট্যাম্প পেপার লিখিত-সহ নিয়োগ

**নিজ যোগ্যতায় কন্ট্রাক্টরের অধীনে** এয়ারপোর্ট ও ব্যাঙ্কে ব্যাক অফিস ও গ্রাহক স্টাফ পদে নিয়োগ চলছে। শীঘ্রই যোগাযোগ, পুজোর বোনাস-সহ OT, PF, ESI-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। বায়োডাটা ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র-সহ যোগাযোগ করুন। (M): 87685-72367, Ronok Pvt. Ltd. Co., B. T. Rd, Kol-56.

□

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

**স্পট জয়েনিং। জেলায় জেলায় Pvt.** স্বাস্থ্যকেন্দ্রে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 89728-69872.

□

**Jio 4G/ Naptol কাস্টমার কেয়ারে** M/F নিয়োগ চলছে। বেতন: INC + OT-সহ 12,000/- Z. M. S, Salt Lake, Sec-V, Kol-91. 75969-91728.

## স্কুল-কলেজ শিক্ষা

### ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ ভর্তির বিজ্ঞপ্তি (ক্লাস শুরু আগামী সপ্তাহে)

**'2 Years প্র্যাক্টিক্যাল নার্সিং ট্রেনিং'-এ** (Approved by BSS, Ministry of HRD, Govt. of India) সরাসরি ভর্তি চলছে। ট্রেনিং-এর শেষে চাকরি। Hospital Practice ও Installment-এ ফিস দেওয়ার সুযোগ। স্কলারশিপ প্রদান। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 97329-37726.

□

**3 বছরের এল এল বি ডিগ্রি কোর্সে ভর্তি** চলিতেছে। খুব সহজে সাজেশন-সহ পাস গ্যারান্টি। গ্র্যাজুয়েশনে 45% মার্কস আবশ্যিক। যোগাযোগ: 98316-76825 The Lawgical Network, Delta House, 7th Floor, Chamber-726, 4th Government Place, Kol-1.

□

### সাংবাদিক হতে চান?

**অ্যাঙ্কারিং/ সংবাদপাঠ/ রেডিওজকি ও** নিজস্ব মিডিয়ায় যুক্ত থেকে হাতে-কলমে সাংবাদিকতা কোর্স। IJM ৬/২এ, ডাঃ সুরেশ সরকার রোড, শিয়ালদহ, মৌলালি। www.ijmindia.in 98300-40740. Franchisee Welcome.

□

### নার্সিং ট্রেনিং

**ভর্তি চলছে। ANM Nursing Training** (2 Yrs). Approved by BSS / NCVT / NSDC (Govt. of India) Installment ও Hostel-এর সুবিধা এবং চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701 / 92315-51285.

□

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স** ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Installment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

**18 বছরের অভিজ্ঞ শিক্ষক জয়ন্ত রায়,** Maths, G.I, G.K; গড়িয়া, শিয়ালদহ, উঃ দিনাজপুর, 500/ Month. 87772-17803.

□

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

## স্কুল-কলেজ শিক্ষা

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি** টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

### ফিজিওথেরাপি ও ই.সি.জি

**ECG, DPT, DMLT (প্যাথলজি),** ANM (নার্সিং), RHP (এ্যালোঃ ও হোমিও) কোর্সে ভর্তির শেষ তাং: 29/7/19. DMLT ও নার্সিং ট্রেনিং শেষে নিশ্চিত চাকরির সুযোগ। কেরিয়ার একাডেমি অফ মেডিকেল সাইন্স, গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কোল-84. 70447-16334 / 82729-11322.

□

### ADMISSION OPEN

**Job Oriented Courses Pathology -** DMLT, Physiotherapy-DPT, X-Ray, ECG, O.T. Technician. Affiliated-Bharat Sevak Samaj (National Development Agency, Promoted by govt. of India). ASANSOL TECHNOLOGICAL INSTITUTE, Budha Road, Asansol. M: 94341-82065 / 77979-18120.

□

### ITI-এ সরাসরি ভর্তি

**Electrician, Fitter, Draughtsman** Surveyor, Early Childhood, Educator (Teachers Training) NCVT, Placement, Assistance, Installment-এর সুবিধা আছে। রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া, 2541-2244/ 83350-66915/ 98300-48759.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### B. Ed / M. Ed @4,000/- PM

**বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ** থেকে 100%, ফ্রি বই। রবিবার ক্লাস, SC /ST-দের স্কলারশিপের সুবিধা। IASBM, দমদম, Kol-30. 90733-86333 / 90733-86337.

□

### মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং

**Pre-Primary & Primary Teachers** Training approved by BSS (Govt. of India) সরাসরি ভর্তি চলছে। Placement. রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া: 83350-66915 / 033-2541-2244 কল্যাণী: 033-2502-5475 / 94323-65899.

□

### নার্সিং কোর্সে ভর্তি

**GNM ও B. Sc (N) সরাসরি ভর্তির জন্য** যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

## ব্যবসা-বাণিজ্য

### !শিল্পোদ্যোগীদের জন্য এখন ভারত সরকারের (NSIC) সঙ্গে যৌথ উদ্যোগে!

**অল্প পুঁজিতে মাইশোর আগরবাতি, কাঁচা** ধূপ, মোমবাতি, ডিটারজেন্ট সাবান, ফিনাইল, ব্লু, শ্যাম্পু, শেভিং ক্রিম, আফটার শেভ, মেহেন্দি, নেলপালিশ, সিঁদুর, আলতা, স্প্রে+পারফিউম, বিন্দি, হেয়ার অয়েল, বাম, কসমেটিক্স ইত্যাদি। এছাড়া বিভিন্ন নতুন ধরনের আইটেম তৈরির পরামর্শের জন্য N.S.I.C. PRAGATI. বালি হল্ট, হাওড়া, 2671-0292. Website: www.pragatitic.org

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ৩০০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# সার্জিক্যাল ব্যান্ডেজ তৈরির মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** সারাবছরই সার্জিক্যাল ব্যান্ডেজের চাহিদা থাকে। এই মেশিনটির সাহায্যে ব্যান্ডেজ তৈরি করে অর্ডার অনুযায়ী বিভিন্ন হসপিটাল, নার্সিংহোম বা ওষুধের দোকানে সাপ্লাই করতে পারেন। এই মেশিনের সঙ্গে আরও কিছু অ্যাটাচমেন্ট লাগালে এই মেশিনেই ডাক্তারদের ব্যবহার্য মাস্ক, টুপি, অ্যাপ্রন, গ্লাভস প্রভৃতিও তৈরি করা সম্ভব। তবে মনে রাখা প্রয়োজন, এই ব্যবসাটি যেখানে করবেন সেটি যদি কর্পোরেশন এলাকায় হয় তবে ট্রেড লাইসেন্স এবং যদি পঞ্চায়েত এলাকায় হয় তবে পঞ্চায়েত সার্টিফিকেট অবশ্যই প্রয়োজন।

**কীভাবে করবেন:** সার্জিক্যাল ব্যান্ডেজ তৈরির জন্য যে বিশেষ ধরনের কাপড় দরকার, তা সস্তায় পাওয়া যায় বসিরহাট এবং কলকাতার বড়বাজার অঞ্চলে। এই কাপড় কিনে এনে প্রথমে তাকে নির্দিষ্ট পদ্ধতিতে জীবাণুমুক্ত করে তবেই মেশিনে দিতে হবে। এবার মেশিনের নির্দিষ্ট জায়গায় কাপড়টি জড়িয়ে দিতে হবে। যে মাপের ব্যান্ডেজ তৈরি করতে চান কাটিং মেশিনের সাহায্যে সেই মাপ অনুযায়ী কেটে নিতে হবে। এরপর মেশিন চালু করলে ব্যান্ডেজ রোলার মেশিনে রোল হয়ে বেরিয়ে আসবে। কাটিং মেশিনটির জন্য মোটর লাগবে ½ হর্সপাওয়ার এবং ব্যান্ডেজ তৈরির মেশিনটির জন্য মোটর লাগবে ১ হর্সপাওয়ার। বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটরসমেত ব্যান্ডেজ তৈরির মেশিনটির দাম পড়বে এক লাখ টাকা এবং মোটরসমেত কাটিং মেশিনটির দাম পড়বে ৫০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com









Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*যাঁরা তাঁদের ভালোলাগা কাজটির জন্য অন্য সব কিছু উৎসর্গ করতে পারেন, তাঁরা সফল হন।*
*— এ আর রহমান*
*(গ্রামি ও আকাদেমি পুরস্কারে ভূষিত সঙ্গীতশিল্পী)*

*✓ উচ্চমাধ্যমিক পাশ। বয়স ২২ বছর। আমার উচ্চতা ১৭২ সেমি। বুকের ছাতি ৫ সেন্টিমিটার ফোলাতে পারব। আমি বি এস এফ, সি আর পি এফের মতো বাহিনীর চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে চাই। দৌড়ের অভ্যাস আছে। ফিটনেস বাড়ানোর জন্য আর কী কী বিষয়ে প্রস্তুতি নিতে হবে? লিখিত পরীক্ষার ধরন সম্পর্কে জানাবেন। সময় নিয়ে প্রস্তুতি নিতে হবে। চাকরির সুযোগ সম্পর্কে জানতে চাই।*

*সমীরণ মজুমদার, ফালাকাটা, জলপাইগুড়ি-৭৩৫ ২১১।*

☐ আপনি কেন্দ্রীয় সশস্ত্র পুলিশবাহিনীগুলিতে চাকরির আবেদনের যোগ্যতা, প্রার্থী বাছাই প্রক্রিয়া এবং এই বাহিনীগুলিতে চাকরির সুযোগ-সম্ভাবনা সম্পর্কে জানতে চাইছেন।

বি এস এফ, সি আর পি এফ, সি আই এস এফ, এস এস বি, আই টি বি পি এবং অসম রাইফেলস— এগুলিই হল কেন্দ্রীয় সশস্ত্র পুলিশবাহিনী। উচ্চতা, শিক্ষাগত যোগ্যতা ও বয়সের নিরিখে আপনি এই বাহিনীগুলিতে কনস্টেবল বা রাইফেলম্যান পদে চাকরির আবেদন করতে পারবেন। বুকের ছাতি ৫ সেন্টিমিটার ফোলানোর ক্ষমতা থাকা দরকার এবং সেটা আপনার আছে। বুকের ছাতি ৫ সেন্টিমিটার ফুলিয়ে হতে হবে ৮৫ সেন্টিমিটার। অর্থাৎ না-ফুলিয়ে বুকের ছাতির মাপ হতে হবে ৮০ সেন্টিমিটার। চশমা ছাড়া দূরের ক্ষেত্রে দৃষ্টিশক্তি হতে হবে ৬/৬ ও ৬/৯।

প্রার্থী বাছাই হয় চারটি ধাপে। প্রথম ধাপে থাকবে দৈহিক মাপজোক যাচাই। তারপর দৈহিক সক্ষমতার পরীক্ষা। ছেলেদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকে ২৪ মিনিটে ৫ কিলোমিটার দৌড়, ১১ ফুট লং জাম্প ও ৩ ফুট হাই জাম্প।

লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হয়। থাকে জেনারেল অ্যাওয়ারনেস, জেনারেল নলেজ, অঙ্ক, অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউড, বিভিন্ন প্যাটার্ন পর্যবেক্ষণ এবং বৈসাদৃশ্য নির্ণয় এবং ইংরেজি-সংক্রান্ত প্রশ্ন। প্রতি প্রশ্নের মান ১।

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে থাকবে মেডিক্যাল এক্সামিনেশন। এতেও উতরে গেলে চাকরি।

প্রতিবছরই সম্মিলিতভাবে এই বাহিনীগুলিতে লোক নেওয়া হয় স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। সম্প্রতি লোকসভায় স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে একটি প্রশ্নের উত্তরে জানানো হয়েছে কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীগুলিতে বর্তমানে সামগ্রিকভাবে ৮৪,০৩৭টি শূন্যপদ রয়েছে। জরুরি ভিত্তিতে এই শূন্যপদ পূরণের ব্যাপারে উদ্যোগ নেওয়া হচ্ছে।

সম্প্রতি লোকসভায় স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে একটি প্রশ্নের উত্তরে জানানো হয়েছে কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীগুলিতে বর্তমানে সামগ্রিকভাবে ৮৪,০৩৭টি শূন্যপদ রয়েছে। জরুরি ভিত্তিতে এই শূন্যপদ পূরণের ব্যাপারে উদ্যোগ নেওয়া হচ্ছে।

***এখনই আবেদন করতে পারেন:*** উত্তরবঙ্গে ৮ জেলা থেকে সেনাবাহিনীতে র‍্যালির মাধ্যমে কয়েকশো সোলজার নেওয়া হবে। জলপাইগুড়ির প্রার্থী হিসেবে আপনি এই র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। শিলিগুড়ির বৈকুণ্ঠপুর আর্মি গ্রাউন্ডে র‍্যালি ৫ থেকে ১২ সেপ্টেম্বর। 'কর্মক্ষেত্র'-র ১০ জুলাই সংখ্যায় 'সেনাবাহিনীতে কয়েকশো সোলজার' শীর্ষক সংবাদে এই র‍্যালি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২০ অগস্টের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ-বাহিনীগুলিতে নিয়োগের বিজ্ঞপ্তি এ বছর এখনও পর্যন্ত প্রকাশিত হয়নি। সাধারণত অগস্ট-সেপ্টেম্বর মাস নাগাদ নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। আপনি জোর কদমে দৈহিক সক্ষমতার পরীক্ষা ও লিখিত পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

*✓ ইংরেজি সাহিত্যে এম এ করেছি। স্নাতকোত্তর ডিগ্রি সম্পূর্ণ হয়েছে ২০১৮-য়। সরকারি চাকরির জন্য পড়াশোনা চলছে। চাকরির খোঁজ দেবেন।*

*মনীষা মিত্র, কৃষ্ণনগর, নদিয়া।*

☐ বিভিন্ন সরকারি চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। চাকরি বাছাই করে লিখিত পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু জুনিয়র এক্সিকিউটিভ (অ্যাডমিনিস্ট্রেশন) নেবে খাদি ও ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন। যে-কোনও শাখার স্নাতকোত্তর ডিগ্রিধারীরা এই পদে আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ১০ জুলাই সংখ্যায় 'খাদি ও গ্রামোদ্যোগে ১১০' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ৩১ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.kvic.org.in

কিছু জুনিয়র এক্সিকিউটিভ (অ্যাডমিনিস্ট্রেশন) নেবে খাদি ও ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন। যে-কোনও শাখার স্নাতকোত্তর ডিগ্রিধারীরা এই পদে আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ১০ জুলাই সংখ্যায় 'খাদি ও গ্রামোদ্যোগে ১১০' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক এবং প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস-অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। তবে, ব্যাঙ্কের যে-কোনও পদে আবেদনের জন্য আগে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় পাশ করতে হবে। এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর বিশদে জানানো হয়ে থাকে। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ক্লার্ক, প্রবেশনারি অফিসার, কাস্টমার রিলেশনশিপ পদে আবেদনের জন্য ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় বসার দরকার হয় না। সরাসরিই আবেদন করা যায়। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট ও অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। রেলে ট্রাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড পদে আবেদন করতে পারবেন। ডব্লু বি এস ই ডি সি এল-এর অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

*✓ আমি একজন পাস গ্র্যাজুয়েট। একটি বেসরকারি সংস্থায় ৩ বছর যাবৎ ডেটা এন্ট্রির কাজ করছি। সরকারি সংস্থায় ডেটা এন্ট্রির চাকরির সন্ধান দিলে উপকৃত হব।*

*প্রবীর দলুই, বেলুড়, হাওড়া।*

☐ ডেটা এন্ট্রি অপারেটরের চাকরি আছে বিভিন্ন সরকারি সংস্থায় এবং আঞ্চলিক প্রশাসনিক অফিসগুলিতে। ঘণ্টায় অন্তত ৫০০০ কম্পিউটার কি-ডিপ্রেশনের গতি থাকতে হবে। চাকরির লিখিত পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

## এমন ক্ষেত্রও আছে, যেখানে চাকরি আছে প্রশিক্ষিত লোক কম



**সুহৃতা চক্রবর্তী**
প্রফেসর, পোস্ট-হারভেস্ট টেকনোলজি অব হর্টিকালচারাল ক্রপস বিভাগ, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়

চাকরির বাজারের কয়েকটি ক্ষেত্রে একটু দৃষ্টিপাত করা যাক। উদ্দেশ্য, সেই সব ক্ষেত্রে চাকরির সুযোগ সম্পর্কে একটা ধারণা পাওয়া।

২০১৮-র মার্চে কর্নাটকে আয়োজিত কনফেডারেশন অব ইন্ডিয়ান ইন্ডাস্ট্রির এক সম্মেলনে ডঃ দেবী শেঠি জানিয়েছিলেন ২০২০ সাল নাগাদ পৃথিবী জুড়ে অন্তত ৪ কোটি প্রশিক্ষিত নার্সের দরকার হবে। বিশ্বব্যাঙ্কের একটি হিসেব অনুসারে, ২০৩০ সাল নাগাদ শুধু ভারতে অন্তত ৬০ লক্ষ প্রশিক্ষিত নার্সের দরকার হবে। এখনই দেশজুড়ে অন্তত ২৪ লক্ষ নার্সের প্রয়োজন রয়েছে। অর্থাৎ স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে বিপুল সংখ্যক নার্সিং পেশাদারের চাকরির সুযোগ রয়েছে। এখন ছেলেরাও নার্সিং পড়তে পারেন দেশজুড়ে বিভিন্ন প্রতিষ্ঠানে।

এবার আসা যাক রিটেল ইন্ডাস্ট্রির কথায়। বর্তমানে দেশের ২২ শতাংশ জি ডি পি-র উৎস রিটেল ইন্ডাস্ট্রি। এক্ষেত্রে চাকরি হয় সেলস-মার্কেটিং, লজিস্টিক্স, ফিনান্স ও অ্যাকাউন্টিং, হিউম্যান রিসোর্স বিভাগে। চাকরি হয় স্টোর ম্যানেজার, রিজিওনাল সেলস ম্যানেজার, ভিশুয়াল মার্চেন্ডাইজার প্রভৃতি পদে। ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের হিসেব অনুসারে ২০২২ সাল নাগাদ ভারতের রিটেল ইন্ডাস্ট্রিতে নয় নয় করে ১৭ লক্ষ লোকের দরকার হবে। এখন রিটেল বিষয়ে নানা কোর্স পড়া যায়। উচ্চমাধ্যমিকের পরেই পড়া যায়। গ্র্যাজুয়েশনের পরে রিটেলে স্পেশালাইজেশন-সহ এম বি এ পড়া যাচ্ছে।

উত্তরোত্তর বৃদ্ধি ঘটছে হোটেল শিল্পের। প্রয়োজনের তুলনায় প্রশিক্ষিত লোকের অভাবও রয়েছে। আগামী দিনগুলিতে আরও অনেক লোকের চাকরির সুযোগ তৈরি হবে এক্ষেত্রে। উচ্চমাধ্যমিকের পরে ৩ বছরের হোটেল ম্যানেজমেন্ট কোর্স যেমন পড়া যায়, তেমন স্বল্পমেয়াদি কোর্স পড়েও হোটেল শিল্পে পা রাখার সুযোগ রয়েছে। যেমন, গ্র্যাজুয়েট যোগ্যতায় অ্যাকোমোডেশন অপারেশন অ্যান্ড ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা পড়া যায়। উচ্চমাধ্যমিক যোগ্যতায় দেড় বছরের ফ্রন্ট অফিস ম্যানেজমেন্ট, হাউসকিপিং, ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস, ফুড প্রোডাকশন, বেকারি ও কনফেকশনারির ডিপ্লোমা কোর্স পড়া যায়। এমনকী মাধ্যমিক যোগ্যতায় ফুড প্রোডাকশন ও প্যাটিসারির দেড় বছরের ক্রাফটসম্যানশিপ কোর্স করার সুযোগ রয়েছে। এই কোর্সগুলি সম্পর্কে আরও বিশদে জানতে চাইলে সরকারি প্রতিষ্ঠান ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট, কলকাতার এই ওয়েবসাইটটি দেখতে পারেন: www.ihmkolkata.org

এখানে কয়েকটি ক্ষেত্রে চাকরির সুযোগ-সম্ভাবনা সম্পর্কে ছোট পরিসরে একটা ধারণা দেওয়ার চেষ্টা করা গেল। আমি চাইব, আপনারাই কোন কোন সম্ভাবনাপূর্ণ ক্ষেত্রে চাকরির সুযোগ বেশি সে-সম্পর্কে খোঁজখবর নিন। তারপর একটা পেশা বাছাই করে প্রয়োজনীয় কোর্স করুন বা প্রশিক্ষণ নিন। এখনকার দিনে চাকরিবাকরির জন্য আটঘাট বেঁধে উদ্যোগ নেওয়ার দরকার রয়েছে।

***এখনই আবেদন করতে পারেন:*** এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশন ২,১৮৯জন সোশ্যাল সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট নেবে। ঘণ্টায় ৫০০০ কম্পিউটার কি-ডিপ্রেশনের গতি থাকলে এই পদে আবেদন করা যাবে। শিক্ষাগত যোগ্যতা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। 'কর্মক্ষেত্র'-র ৩ জুলাই সংখ্যায় 'এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডে ২১৮৯ সোশ্যাল সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ২১ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.epfindia.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে প্রতিবছরই ডেটা এন্ট্রি অপারেটর নেওয়া হয় স্টাফ সিলেকশন কমিশনের পরীক্ষার মাধ্যমে। আপনি এই পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গের বিভিন্ন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ও কালেক্টর অফিস সময়ে সময়ে ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগ করে থাকে। এইসব চাকরির বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

*✓ ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স প্রধান তিন বিষয় নিয়ে ৬৮ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ করেছি এ বছরেই। চাকরির বিশেষ প্রয়োজন। কোন কোন চাকরির জন্য আমি দরখাস্ত করতে পারব জানতে চাই।*

*সুপ্রিয় মাইতি, কাঁথি, পূর্ব মেদিনীপুর।*

☐ চাকরির লিখিত পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট নেবে ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার। এই পদের ক্ষেত্রে প্রার্থীর উচ্চতা হতে হবে অন্তত ১৬০ সেমি। নির্দিষ্ট উচ্চতা থাকলে আপনি এই পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১০ জুলাই সংখ্যায় 'ভাবা অ্যাটমিক রিসার্চে স্টাইপেন্ডারি ট্রেনি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ৭ অগস্টের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruit.barc.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে মাল্টি টাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। রেলে টিকিট এক্সামিনার ও ট্রেনস ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে প্রথম শ্রেণির নম্বর থাকায় রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও চাকরির খবর পাবেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide    http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## এস এস সি

□ ***স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে** কেন্দ্রীয় সরকারের অধীনস্থ বিভিন্ন সংস্থায় ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট ও ফিল্ড অ্যাটেন্ড্যান্ট (মাল্টি-টাস্কিং) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —অনিমেষ মাইতি, পাথরপাড়া, পশ্চিম মেদিনীপুর।*

□□ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ বিভিন্ন সংস্থায় ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অন্যতম বিষয় হিসেবে বায়োলজি পড়ে থাকা বাধ্যতামূলক। পাশাপাশি, হিন্দি ভাষায় লিখতে ও পড়তে জানলে অথবা জুলজিক্যাল ল্যাবরেটরিতে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। ফিল্ড অ্যাটেন্ড্যান্ট (মাল্টি-টাস্কিং) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। হিন্দি ভাষায় লিখতে ও পড়তে জানলে কিংবা পতঙ্গ সংরক্ষণ, ট্যাক্সিডার্মি সংক্রান্ত বিষয়ে কোনও জুলজিক্যাল ল্যাবরেটরি বা প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা থাকলে অথবা মাছ সংরক্ষণ ও প্রদর্শনী এবং মাছের খাদ্য সম্পর্কে জ্ঞান থাকলে অগ্রাধিকার। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.sscer.org

## পি এস সি

□ ***পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন** কর্তৃক আয়োজিত ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসের মেন পরীক্ষা কবে হবে? অ্যাডমিট কার্ড কীভাবে পাব? —বিশাখা মণ্ডল, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ২০১৯-এর ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসেস (মেন) এক্সামিনেশন ২৫ থেকে ২৮ জুলাই। প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এনরোলমেন্ট নম্বর বা প্রার্থীর ফার্স্ট নেম এবং জন্মতারিখের সাহায্যে অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbonline.gov.in

## নেট/সেট

□ ***ইউ জি সি 'নেট' পরীক্ষার ধরনধারণ** বিষয়ে বিস্তারিত জানতে চাই। —পারমিতা মুখার্জি, লগ্রাম, বাঁকুড়া।*

□□ সি বি এস ই আয়োজিত ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন (ইউ জি সি)-এর অধীন শিক্ষাপ্রতিষ্ঠানে জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য যোগ্যতামান নির্ধারণের 'নেট' পরীক্ষা একই দিনে তিনটি আলাদা আলাদা সেশনে তিনটি পেপারে হয়ে থাকে। তিনটি পেপারেই প্রশ্ন হয়ে থাকে অবজেক্টিভ টাইপ। পেপার-ওয়ানে রিজনিং এবিলিটি, কম্প্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং এবং জেনারেল অ্যাওয়ারনেস-এর দক্ষতা যাচাই করা হয়ে থাকে। পরীক্ষায় ৬০টি মাল্টিপল চয়েস প্রশ্ন থাকে। এর মধ্যে ৫০টির উত্তর করতে হয়। প্রতিটি প্রশ্নে ২ করে নম্বর থাকে। অর্থাৎ পেপার ওয়ানের মোট নম্বর ১০০। পরীক্ষার সময়সীমা সকাল ৯টা ৩০ মিনিট থেকে ১০টা ৪৫ মিনিট পর্যন্ত। পেপার-টু-এর প্রশ্ন হয়ে থাকে সংশ্লিষ্ট বিষয় থেকে। ৫০টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হয়। প্রতিটি প্রশ্নের মান ২। অর্থাৎ পেপার-টু-এর মোট নম্বর ১০০। পরীক্ষার সময়সীমা সকাল ১১টা ১৫ মিনিট থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। পেপার-থ্রি-র পরীক্ষাতেও প্রশ্ন হয়ে থাকে সংশ্লিষ্ট বিষয় থেকে। ৭৫টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হয়ে থাকে। প্রতিটি প্রশ্নের মান ২। অর্থাৎ পেপার থ্রি-র মোট নম্বর ১৫০। পরীক্ষার সময়সীমা দুপুর ২টো থেকে বিকেল সাড়ে ৪টে পর্যন্ত। প্রতিটি পেপারেই প্রার্থীকে ন্যূনতম যোগ্যতামান পেতে হবে। সাধারণ জাতিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে পেপার-ওয়ানে ন্যূনতম ৪০ নম্বর, পেপার-টু-এ ন্যূনতম ৪০ নম্বর এবং পেপার-থ্রি-এ ন্যূনতম ৭৫ নম্বর পেতে হয়। ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং তফসিলি জাতিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে পেপার-ওয়ানে ন্যূনতম ৩৫ নম্বর, পেপার-টু-এ ন্যূনতম ৩৫ নম্বর এবং পেপার-থ্রি-এ ন্যূনতম ৬০ নম্বর পেতে হয়। কোনও পেপারেই ভুল উত্তরের ক্ষেত্রে কোনও নেগেটিভ মার্কিং নেই। ওয়েবসাইট: ntanet.nic.in

## নার্সিং

□ ***নবোদয় বিদ্যালয় সমিতিতে ফিমেল** স্টাফ নার্স পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —মিনতি সাধুখাঁ, ইসলামপুর, উত্তর দিনাজপুর।*

□□ নবোদয় বিদ্যালয় সমিতিতে ফিমেল স্টাফ নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক এবং নার্সিংয়ের ৩ বছরের ডিপ্লোমা। অথবা নার্সিংয়ের বি এসসি ডিগ্রি। ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। কোনও হাসপাতাল বা ক্লিনিকে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। হিন্দি বা আঞ্চলিক ভাষা এবং ইংরেজিতে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে অগ্রাধিকার। ৯ অগস্টের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.navodaya.gov.in, www.nvsrecruitment2019.org

□ ***রায়পুর এইমসে নার্সিং অফিসার** (স্টাফ নার্স গ্রেড-টু) পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —শতদল মাইতি, খানাকুল, হুগলি।*

□□ রায়পুর এইমসে নার্সিং অফিসার (স্টাফ নার্স গ্রেড-টু) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি এসসি (অনার্স)-নার্সিং বা বি এসসি (নার্সিং) বা বি এসসি পোস্ট সার্টিফিকেট বা পোস্ট-বেসিক বি এসসি নার্সিং ডিগ্রি। অথবা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা-সহ অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সব ক্ষেত্রেই স্টেট বা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে প্রার্থীর নাম অবশ্য নথিভুক্ত থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা অগস্ট মাসে। পরীক্ষা হবে দু'টি পার্টে। প্রথম পার্টে থাকবে নার্সিং বিষয়ে প্রশ্ন (৮০ নম্বর) এবং দ্বিতীয় পার্টে থাকবে জেনারেল অ্যাপ্টিটিউড অ্যান্ড জেনারেল অ্যাওয়্যারনেস (১০ নম্বর) ও বেসিক কম্পিউটার নলেজ অ্যান্ড নার্সিং ইনফমেটিক্স (১০ নম্বর) বিষয়ে প্রশ্ন। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ২১ জুলাইয়ের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiims raipur.edu.in

## ব্যাঙ্কিং

□ ***নৈনিতাল ব্যাঙ্কে ক্রেডিট বিভাগে** স্পেশ্যালিস্ট অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? পরীক্ষাকেন্দ্রগুলির নাম জানাবেন। —অভিমন্যু ঘোষাল, পালপাড়া, পূর্ব মেদিনীপুর।*

□□ নৈনিতাল ব্যাঙ্কে পার্সোনেল বিভাগে স্পেশ্যালিস্ট অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। এর পাশাপাশি, স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ফিনান্স বা ব্যাঙ্কিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা করে থাকতে হবে। সি এ বা আই সি ডব্লু এ থাকলেও আবেদন করা যাবে। অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় রিজনিং (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর) ও সংশ্লিষ্ট বিষয়ে (৬০ নম্বর) প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা ৩৫ মিনিট। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষাকেন্দ্রগুলি হল: উত্তরাখণ্ডের হলদোয়ানি, দেরাদুন, রুরকি, হরিদ্বার, উত্তরপ্রদেশের বরেলি, মিরাট, মোরাদাবাদ, লখনউ, মুজফ্ফরনগর এবং দিল্লির নয়ডা, গ্রেটার নয়ডা, গাজিয়াবাদ। দেখুন এই ওয়েবসাইট: www.nainitalbank.co.in

□ ***আই বি পি এসের মাধ্যমে রাষ্ট্রায়ত্ত** ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার/ ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —সোমক হালদার, মুর্শিদাবাদ।*

□□ আই বি পি এসের মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার/ ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষার মাধ্যমে— প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫), রিজনিং এবিলিটি (৩৫)। সময় ১ ঘণ্টা। এই পরীক্ষায় পাশ করলে মেন পরীক্ষার জন্য বিবেচিত হবেন। মেন পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০), ব্যাঙ্কিং শিল্প-সহ সাধারণ সচেতনতা (৪০), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৬০), লেটার রাইটিং অ্যান্ড এসে (২৫)। সময় ৩ ঘণ্টা ৩০ মিনিট। ওয়েবসাইট: www.ibps.in

## কোর্স, ট্রেনিং

□ ***দিল্লির ন্যাশনাল মিউজিয়াম** ইনস্টিটিউটে কনজারভেশন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —ধ্রুব শাসমল, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ কনজারভেশনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নেবে দিল্লির ন্যাশনাল মিউজিয়াম ইনস্টিটিউট। এটি ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। আসনসংখ্যা ১৫। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি, জিওলজি, বায়োলজি, বায়োটেকনোলজি, মাইক্রোবায়োলজি, ভিশ্যুয়াল বা ফাইন আর্টস, আর্কিটেকচার, টেকনোলজি বা ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটি বিষয়ে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। অথবা, মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ হিস্ট্রি বা জিওগ্রাফি বা অ্যানথ্রোপলজি বা আর্কিওলজি বা সমতুল বিষয়ে স্নাতক। সে ক্ষেত্রে বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ করে থাকতে হবে। মনে রাখবেন, মাতৃভাষা ছাড়াও সংস্কৃত, তামিল, তেলুগু, কন্নড়, পারসি, আরবি, গ্রিক, ল্যাটিন, জার্মান, ফ্রেঞ্চ, ইতালিয়ান প্রভৃতি ভাষার মধ্যে কোনও একটি জানা থাকলে অগ্রাধিকার। শিক্ষাগত স্তরে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের একটি লিখিত পরীক্ষা নেওয়া হবে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nmi.gov.in ১৬ জুলাইয়ের মধ্যে পূরণ করা আবেদনপত্র ও প্রয়োজনীয় নথিপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: Assistant Registrar, National Museum Institute, 1st Floor, National Museum, Janpath, New Delhi-110 011.

□ ***সেন্ট জেভিয়ার্স কলেজে মাল্টিমিডিয়া** অ্যান্ড অ্যানিমেশনের ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —মমতা নস্কর, সিগ্রি, পুরুলিয়া।*

□□ মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশনের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে সেন্ট জেভিয়ার্স কলেজ। প্রশিক্ষণ দেবে কলেজের কম্পিউটার সেন্টার অ্যান্ড সেন্ট্রাল কম্পিউটিং ফেসিলিটিজ বিভাগ। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে অগস্টে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। ড্রয়িং ও স্কেচিংয়ে দক্ষতা থাকতে হবে। ক্লাস হবে সপ্তাহে তিন দিন করে, বিকেল ৫টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত (শনিবারের ক্ষেত্রে বিকেল ৩টে থেকে ৫টা)। কোর্স ফি: ৩৮,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৯ জুলাই, বিকেল ৫টা থেকে সন্ধ্যা ৬টা। সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর দক্ষতা যাচাই করা হবে। অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sxccal.edu অনলাইন আবেদনের শেষ তারিখ ১৭ জুলাই। ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। অনলাইন পদ্ধতিতে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

## অন্যান্য চাকরি

□ ***এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডে** সোশ্যাল সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —স্বপ্না দাস, আমতা, হাওড়া।*

□□ এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডে সোশ্যাল সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট, সঙ্গে কম্পিউটারে প্রতি ঘণ্টায় ৫০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। কম্পিউটার ট্রেনিং সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। মনে রাখবেন, প্রার্থীকে অবশ্যই এ বছরের ২১ জুলাইয়ের মধ্যে ডিগ্রি পেয়ে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে দুই পর্বের পরীক্ষা এবং কম্পিউটার স্কিল টেস্টের মাধ্যমে। প্রথম পর্বে ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এইসব বিষয়ে: ইংরেজি, রিজনিং এবিলিটি, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। প্রিলিমিনারি পরীক্ষা ৩১ অগস্ট এবং ১ সেপ্টেম্বর। কললেটার ডাউনলোড করতে হবে ২১ অগস্ট থেকে ১ সেপ্টেম্বরের মধ্যে। প্রিলিমিনারি পরীক্ষায় সফলদের মেন পরীক্ষায় ডাকা হবে। এই পরীক্ষার দু'টি অংশ— অবজেক্টিভ এবং ডেসক্রিপটিভ। অবজেক্টিভ অংশে রিজনিং/ ইন্টেলিজেন্স, জেনারেল/ইকনমি/ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস, ইংরেজি ও কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে মোট ১৫০টি প্রশ্ন হবে, মোট নম্বর ২০০। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। সময় ২ ঘণ্টা। দ্বিতীয়াংশে থাকবে ডেসক্রিপটিভ টাইপ প্রশ্ন। এক্ষেত্রে থাকবে ইংরেজিতে লেটার রাইটিং, প্রেসি ও কম্প্রিহেনশন। নম্বর ৩০। সময় ৪৫ মিনিট। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.epfindia.gov.in

□ ***সেন্টার ফর রেলওয়ে ইনফর্মেশন** সিস্টেমসে সফটওয়্যার ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —উজ্জ্বল ধাড়া, বাওইআটি।*

□□ সেন্টার ফর রেলওয়ে ইনফর্মেশন সিস্টেমসে সফটওয়্যার ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার টেকনোলজি বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে বি ই বা বি টেক। অথবা এম সি এ। এ ছাড়া কম্পিউটার সায়েন্সে চার বছরের বি এসসি কোর্স পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। এর পাশাপাশি ২০১৯-এর গেট পরীক্ষায় সি এস (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি) পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোরকার্ড থাকতে হবে। ওয়েবসাইট: www.cris.org.in

□ ***নবোদয় বিদ্যালয় সমিতিতে** মিউজিক বিষয়ে মিসলেনিয়াস টিচার ক্যাটেগরিতে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —মনোময় হালদার, মহারাজপুর, মালদা।*

□□ নবোদয় বিদ্যালয় সমিতিতে মিউজিক টিচার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্নাতক, সঙ্গে বি এড ডিগ্রি। অথবা উচ্চমাধ্যমিক, সঙ্গে বম্বের গন্ধর্ব মহাবিদ্যালয় মণ্ডল বা লখনউয়ের ভাতখণ্ডে সঙ্গীত বিদ্যালয়পীঠ বা মধ্যপ্রদেশের ইন্দিরা কলা সঙ্গীত বিশ্ববিদ্যালয় থেকে সঙ্গীত-বিশারদ পরীক্ষা অথবা এলাহাবাদের প্রয়াগ সঙ্গীত সমিতি থেকে সঙ্গীত প্রভাকর পরীক্ষা অথবা চণ্ডিগড়ের প্রাচীন কলা কেন্দ্র থেকে সঙ্গীত ভূষণ বা সঙ্গীত নৃত্য বিশারদ পরীক্ষায় পাশ করে থাকতে হবে। যে-কোনও বিষয়ে স্নাতক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য, সেক্ষেত্রে চণ্ডিগড়ের প্রাচীন কলা কেন্দ্র থেকে সঙ্গীত ভাস্কর বা সঙ্গীত নৃত্যভূষণ পরীক্ষায় পাশ করে থাকতে হবে। ইংরেজি এবং হিন্দি মাধ্যমে পড়ানোয় দক্ষতা থাকলে অথবা কোনও রেসিডেন্সিয়াল স্কুলে পড়ানোর অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা হবে ৫ থেকে ১০ সেপ্টেম্বরের মধ্যে। পরীক্ষায় থাকবে রিজনিং এবিলিটি (১০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (১০ নম্বর), টিচিং অ্যাপ্টিটিউড (১৫ নম্বর), বিষয়ভিত্তিক প্রশ্ন (১০০ নম্বর), ল্যাঙ্গুয়েজ কম্পিটেন্সি টেস্ট (৪৫ নম্বর)। মোট সময় ৩ ঘণ্টা। ল্যাঙ্গুয়েজ কম্পিটেন্সি টেস্টে প্রার্থী পাশ করতে না পারলে পেপারের বাকি অংশ দেখা হবে না। বিস্তারিত তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: www.navodaya.gov.in

□ ***পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদে** আবেদন করতে হলে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? এ ক্ষেত্রে প্রার্থী বাছাই পদ্ধতিই বা কীরকম হয়? —শ্যাম করাতি, শালকিয়া, হাওড়া।*

□□ পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হয় ১৬৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬০ সেমি)। বুকের ছাতি না ফুলিয়ে ও ফুলিয়ে হতে হবে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। উচ্চতা ও বয়সের সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। এই পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই হবে দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে সাড়ে ৬ মিনিটে ১,৬০০ মিটার দৌড়। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণদের লিখিত পরীক্ষায় ডাকা হয়। ১ ঘণ্টার পরীক্ষায় মোট ৬০টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হয়। প্রতি প্রশ্নের নম্বর ১.৫। বিষয় অনুসারে নম্বর: জেনারেল অ্যাওয়্যারনেস ও জেনারেল নলেজ ৩০ নম্বর, ইংরেজি ২৪ নম্বর, মাধ্যমিক মানের এলিমেন্টারি ম্যাথমেটিক্স ২৪ নম্বর, রিজনিং ১২ নম্বর। লিখিত পরীক্ষায় সফল হলে ১০ নম্বরের ইন্টারভিউ। সবশেষে নথিপত্র যাচাই ও মেডিক্যাল টেস্ট। ওয়েবসাইট: www. policewb.gov.in

নাম : ..........................................
ঠিকানা : ......................................
..................................................
..................................................
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide    http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# প্রফেশনাল শিক্ষায় মাস্টার, ব্যাচেলার, ডিপ্লোমা পাশ করে দেশ ও বিদেশে প্রচুর চাকরির সুযোগ রয়েছে

সময়ের অগ্রগতির সঙ্গে সঙ্গে নতুন নতুন পেশার আবির্ভাব ঘটেছে। ছাত্রছাত্রী ও অভিভাবকদের এই সব নতুন পেশা সম্পর্কে অবহিত থাকা খুবই জরুরী। বিএ, বিকম, বিএসসি পড়তে হবে সেই ধারণা এখন অতীত। এখন ম্যানেজমেন্টের পেশাদারদের দরকার রয়েছে। আজকের দিনে সমগ্র বিশ্বে সব থেকে দ্রুত বেড়ে চলা শিল্প হল হোটেল এবং ট্যুরিজম। আর এই শিল্প দুটি হোটেল ম্যানেজমেন্টের ডিগ্রিধারী পেশাদার ছাড়া সফলভাবে পরিচালনা করা খুবই মুশকিল। এই হোটেল ম্যানেজমেন্টের দুধরনের কোর্স রয়েছে। লংটার্ম ও শর্টটার্ম। লংটার্ম কোর্সগুলি ৩ বছরের ব্যাচেলার ডিগ্রি, ২ বছরের মাস্টার ডিগ্রি, এমবিএ, ডিপ্লোমা, শর্টটার্ম কোর্স হল ১ বছরের হোটেল অপারেশন ও ৬ মাসের সার্টিফিকেট কোর্স। এই কোর্সগুলি মধ্যে পছন্দের একটি কোর্স করে নিয়ে হোটেল ও হসপিটালিটি শিল্পে চাকরি পাওয়া খুবই সহজ। মনে রাখতে হবে হোটেল শিল্পে ম্যানেজমেন্ট কর্মীর চাহিদার তুলনায় যোগান খুবই কম।

এই পেশায় যে সকল ছাত্রছাত্রী আসতে চায় তাদের মধ্যে যেসব গুন থাকা আবশ্যক তা হল সর্বদা মাথা ঠান্ডা রাখা, নিয়মিত ক্লাসে উপস্থিত থাকা, পরিশীলিত ব্যবহার, সদা হাস্যমুখ, কর্মঠ এবং সর্বোপরি পৃথিবীর যে কোন স্থানে চাকরি করার দৃঢ় মানসিকতা। এই পেশায় পোশাক, কথাবার্তা, চালচলন, ব্যবহার এসব খুবই গুরুত্বপূর্ণ। অতিথি ও অন্যান্যদের সামনে নিজের ব্যক্তিত্ব আকর্ষণীয় করে তোলা ও প্রফেশনাল এ্যাটিটিউড দেখানো হল একজন সফল ম্যানেজমেন্ট কর্মীর বিশেষ কৃতিত্ব। হোটেল, হসপিটাল এবং হসপিটালিটি শিল্পের সম্বন্ধে বিশেষ জ্ঞান থাকার খুবই জরুরি তার সঙ্গে কম্পুটার জানা আবশ্যক। ব্যাচেলার ডিগ্রি এবং মাস্টার ডিগ্রি পাশ করার পর চাকরি হয় বিভিন্ন ডিপার্টমেন্টের সুপারভাইজারপদে এবং ১ বছরের ও ৬ মাসের কোর্সের চাকরির সুযোগ রয়েছে বিভিন্ন ডিপার্টমেন্টের এ্যাসোসিয়েট হিসাবে। এই কোর্সগুলি পাশ করে হোটেল ছাড়াও হসপিটাল, এয়ারপোর্ট, এয়ারলাইন্স, ফ্লাইট কিচেন, লজিস্টিক, বিলাসবহুল জাহাজ ও রেলওয়ে ইত্যাদিতে।



এই হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্টের ব্যাচেলার, মাস্টার, ডিপ্লোমা, ১ বছর ও ৬ মাসের কোর্স পড়িয়ে থাকে সল্টলেকের ডি এস এম স্কুল অফ ম্যানেজমেন্ট। প্রতিটি কোর্স হল পেশাদার পড়াশোনা ও সফল কেরিয়ার গড়ার উদ্যোগ। শুধু পড়াশোনার জন্য পড়াশোনা নয়। হাতে কলমে শিখতে শিখতে দেশ ও বিদেশের হোটেল শিল্পের গভীরে গিয়ে জ্ঞান অর্জন করছে ছাত্রছাত্রীরা। ডি এস এমের শিক্ষক শিক্ষিকারা হাতে ধরে শেখায় কি ভাবে শিক্ষাগত জ্ঞান, দক্ষতা কর্মজগতে প্রয়োগ করতে হয়। এখানে প্রতিটি বিষয়ে নিয়মিত থিওরি ও প্র্যাকটিক্যাল শিক্ষা দেওয়া হয় সপ্তাহে ৬ দিন। ছাত্র ছাত্রীদের প্র্যাকটিক্যাল ক্লাসের জন্য রয়েছে আধুনিক ল্যাব, যেমন বেসিক, এ্যাডভ্যান্স কিচেন, ফাইভ স্টার গ্রেডেড মডেল রুম, ফ্রন্ট অফিসের জন্য লাইভ ফ্রন্ট অফিস, মডেল রেস্টুরেন্ট এবং অ্যাডভান্স সফটওয়ার সমৃদ্ধ কম্পিউটার ল্যাব। এছাড়াও রয়েছে নিয়মিত ইন্ডাস্ট্রি ভিজিট, সেমিনার, শিক্ষামূলক ভ্রমন, ওয়ার্কশপ, ফাইভস্টার হোটেলে ট্রেনিং। ডি এস এমের লাইব্রেরী হোটেল ম্যানেজমেন্টের প্রতিটি বিষয়ের উপর দেশী ও বিদেশী লেখকদের লেখা বই, জার্নালে ভর্তি। যে সব ছাত্রছাত্রীরা ইংরাজীতে দুর্বল তাদের জন্য বিশেষ স্পোকেন ইংলিশ কোর্স যার দ্বারা সহজে ইংরাজীতে কথা বলতে পারে সাধারণ মানের ছাত্রছাত্রীরা।

এখান থেকে হোটেল ম্যানেজমেন্ট পাশ করার পর ছাত্রছাত্রীদের হাতে থাকে বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি সার্টিফিকেট ও দেশ ও বিদেশের হোটেলের নিয়োগ পত্র। এখান থেকে পাশ করার পর ছাত্রছাত্রীরা ঘরে বসে থাকে না। ফাইনাল ইয়ার শেষ করার সঙ্গে সঙ্গে শুরু হয়ে যায় ক্যাম্পাস ইন্টারভিউ। ছাত্রছাত্রীরা সেই ক্যাম্পাসে ইন্টার ভিউয়ের মাধ্যমে চাকরির জন্য সিলেক্ট হয়। ফাইনাল ইয়ার পরীক্ষার পর তারা সেই সব সংস্থায় চাকরিতে যোগ দেয় যেখানে ছাত্র ছাত্রীরা আগে ক্যাম্পাস ইন্টারভিউতে চাকরির জন্য নির্বাচিত হয়েছিল। হোটেল ম্যানেজমেন্টের কেরিয়ার গড়ার প্রস্তুতিকে নিশ্ছিদ্র করে তুলতে ছাত্রছাত্রীদের মানসিক প্রস্তুতি থেকে শুরু করে স্পোকেন ইংলিশ এবং চাকরির ইন্টারভিউয়ের প্রশিক্ষন দেওয়া হয়। মোটিভেশন প্রোগ্রামগুলি ছাত্রছাত্রীদের সুন্দর একটি কেরিয়ার গড়ার তাগিদ বাড়িয়ে দেয়। এর ফলে প্রতিটি ছাত্রছাত্রী আত্মবিশ্বাস সহকারে কর্মজীবনে প্রবেশ করে।

ডি এস এমে কোর্স সাধারণতঃ মধ্যবিত্ত পরিবারের নাগালে থাকার জন্য গ্রামবাংলার বহু ছাত্রছাত্রী এখানে ভর্ত্তি হওয়ার আশায় ফর্ম নিয়ে যাচ্ছে। এখানে ব্যাচেলার ডিগ্রি কোর্স ফি ১,৫০,০০০ টাকা। মাস্টার ডিগ্রির কোর্স ফি ১,১৫,০০০ টাকা। ডিপ্লোমার কোর্স ফি ৯৫,০০০ টাকা। ১ বছরের ডিএইচও কোর্স ফি ৬০,০০০ টাকা। ৬ মাসের সার্টিফিকেট কোর্স ফি ২৫,০০০ টাকা। কোর্স ফি ৬ -১০ টি কিস্তিতে দেওয়া যেতে পারে।

সরাসরি ভর্ত্তির জন্য যোগাযোগ করতে হবে সল্টলেকের সেন্টারে। সিবি -১৩৫, সেক্টর - ১, কোলকাতা - ৬৪, কল্যানী সেন্টার বি১১/১২, নদীয়া - ৭৪১২৩৫, কল্যানী পৌরসভার বিপরীতে। সীমিত সংখ্যক আসনের জন্য ফর্ম দেওয়া হচ্ছে সোম থেকে শনি সকাল ১১টা থেকে বিকাল ৪টে পর্যন্ত। ফর্মের জন্য ৯০৫১০৫৯২৮০ নম্বরে ফোন করতে হবে। ওয়েবসাইট www.dsmkolkata.com।




Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com   Join http://t.me/BanglaJobGuide   http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৩০ জুন-৬ জুলাই

**৩০ জুন** বিশ্বকাপ ক্রিকেটে ইংল্যান্ডের কাছে ৩১ রানে হেরে গেল ভারত। চলতি বিশ্বকাপের সাত ম্যাচে এটাই ভারতের প্রথম হার। এদিন প্রথমে ব্যাট করে ইংল্যান্ড ৫০ ওভারে ৭ উইকেট হারিয়ে ৩৩৭ রান তোলে। বেয়ারস্টো ১০৯ বলে অনবদ্য ১১১ রানের ইনিংস খেলেন। ভারত জবাবে শেষ বল পর্যন্ত ৫ উইকেট হারিয়ে ৩০৬ রান তুলতে পেরেছে। জনি বেয়ারস্টো ম্যাচের সেরা হয়েছেন। ৫ উইকেট হাতে থাকতেও শেষ দিকে চালিয়ে খেলতে না পারার জন্য সমালোচিত হয়েছেন ভারতের ব্যাটসম্যানরা।

## টুইটারে পদ ছাড়ার কথা ঘোষণা রাহুলের



**৩ জুলাই:** কংগ্রেস সভাপতি পদ থেকে আগেই পদত্যাগ করেছিলেন। এদিন টুইটারে একটি খোলা চিঠি লিখে নিজের পদত্যাগের কথা প্রকাশ্যে ঘোষণা করলেন রাহুল গান্ধী। কংগ্রেস নেতারা অবশ্য জানিয়েছেন, আবারও বোঝানোর চেষ্টা করা হবে রাহুলকে। তবে তিনি কোনওভাবেই রাজি না হলে ওয়ার্কিং কমিটির বৈঠক ডেকে পরবর্তী সভাপতি ঠিক করতে হবে। কংগ্রেস সূত্রে আরও জানানো হয়েছে, পরবর্তী সভাপতি বাছাই না হওয়া পর্যন্ত কাজ চালিয়ে যাবেন রাহুল। ছবি: পি টি আই

**১ জুলাই** পরমাণু চুক্তি ভঙ্গ করল ইরান। পরমাণু অস্ত্র তৈরির কাজে লাগে এমন শোধিত ইউরেনিয়াম মজুত করা নিয়ে ২০১৫-র চুক্তিতে যে নির্দেশ ছিল তা থেকে সরে এল তারা। ইতিমধ্যেই অতিরিক্ত অন্তত ৩০০ কিলোগ্রাম ইউরেনিয়াম সঞ্চয় করা হয়েছে বলে জানিয়েছেন ইরানের বিদেশমন্ত্রী মহম্মদ জাভেদ জারিফ। ইরানের পরমাণু কর্মসূচিকে নিয়ন্ত্রণ করতেই এই চুক্তিতে সই করেছিলেন তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা। চুক্তির শর্ত ছিল, উদ্বৃত্ত ইউরেনিয়াম বিক্রি করতেই হবে ইরানকে। কিন্তু গত বছর ডোনাল্ড ট্রাম্প এই চুক্তি ছেড়ে বেরিয়ে এসেছেন। আমেরিকার পক্ষ থেকে একগুচ্ছ নিষেধাজ্ঞাও চাপানো হয়েছে ইরানের উপরে। তেহরানও তখন থেকেই হুঁশিয়ারি দিয়ে রেখেছিল। এর পর দিনই ডোনাল্ড ট্রাম্প ইরানকে পাল্টা হুমকি দিয়েছেন। হোয়াইট হাউসে প্রেসিডেন্ট সাংবাদিকদের বলেন, 'ইরানকে আমার কিছু বার্তা দেওয়ার নেই। তারা কী করছে নিজেরা ভালো মতেই জানে। তারা আগুন নিয়ে খেলা করছে।'

**হংকংয়ের উপর চিনা কর্তৃত্বের বিরোধিতা** করে ফের মিছিল করলেন হাজার হাজার হংকংবাসী। বহু বছর ব্রিটেনের উপনিবেশ ছিল হংকং। ২২ বছর আগে ক্ষমতা হস্তান্তরিত হয় চিনের কাছে। তার পর থেকেই স্বশাসিত এই অঞ্চলের মূল কর্তৃত্ব রয়েছে চিনের হাতে। এদিন সেই ক্ষমতা হস্তান্তরের বর্ষপূর্তির অনুষ্ঠান ছিল। যার বিরোধিতা করেই পথে নামেন বিক্ষোভকারীরা। মাসখানেক আগে বিতর্কিত প্রত্যর্পণ বিলের বিরোধিতা করে পথে নেমেছিলেন হংকংয়ের দশ লক্ষেরও বেশি মানুষ। প্রবল চাপে সেই বিল আপাতত স্থগিত রেখেছেন হংকংয়ের প্রশাসনিক প্রধান ক্যারি লাম। বর্তমানে জনতার দাবি পদত্যাগ করুন ল্যাম।

**জম্মু-কাশ্মীরের কিস্তওয়ারে মিনিবাস** খাদে পড়ে গিয়ে ৩৫ জনের মৃত্যু হল। আহত হয়েছেন ১৭ জন। পুলিশ জানিয়েছে, জম্মুর কেশওয়ান থেকে কিস্তওয়ার যাচ্ছিল বাসটি। ২৮ আসনের বাসে যাত্রী ছিলেন ৫২ জন। মৃতদের পরিবারকে ৫ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার কথা ঘোষণা করেছে জম্মু-কাশ্মীরের রাজ্যপালের প্রশাসন।



“অহিংসা এবং সত্যের উপর জোর। মার্টিন লুথার কিং ঠিক সেটাই করেছিলেন— অহিংস পথে সত্যে অটল থাকা। এই যে ভাবনা ভারত আমাদের উপহার দিয়েছে, সেটাই ভারতের সঙ্গে মজবুত সম্পর্ক গড়ে তুলতে সাহায্য করেছে।”

**ন্যান্সি পেলোসি,** *স্পিকার, মার্কিন হাউস অব রিপ্রেজেন্টেটিভস*
ভারত-মার্কিন কৌশলগত সম্পর্ক সংক্রান্ত একটি অনুষ্ঠানে গান্ধীজির অহিংস আন্দোলনের প্রসঙ্গ তুলে

**ভারতে অনুপ্রবেশকারীদের চিহ্নিত** করতে অসমের মতো অন্য রাজ্যেও জাতীয় নাগরিকপঞ্জি (এনআরসি) তৈরি করা হবে বলে রাজ্যসভায় জানালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। জম্মু-কাশ্মীর সংশোধনী বিলের জবাবি ভাষণে তিনি এ কথা বলেন। তৃণমূলের ডেরেক ও'ব্রায়েন এনআরসি প্রসঙ্গ তুলে বলেন 'বিলটি পাশ হলে জম্মুর ৩ লক্ষ হিন্দু বাসিন্দা উপকৃত হবেন। কিন্তু অসমে এনআরসি-র ফলে যে ১৭ লক্ষ বাঙালি হিন্দু নাগরিককে অনুপ্রবেশকারী বানিয়ে দেওয়া হল, তাদের কথা কেন ভাবছে না সরকার?' জবাবি বক্তব্যে অমিত শাহ বলেন, 'নাগরিকত্ব আইন পাশ করিয়ে সমস্ত হিন্দু অনুপ্রবেশকারীকে শরণার্থীর তকমা দিয়ে নাগরিকের অধিকার দেওয়া হবে। তার পর নতুন করে অন্যত্র এনআরসি করতে নামবে সরকার।'

**৩ জুলাই** মিজোরামে আশ্রয় নেওয়া দুই শতাধিক শরণার্থীকে মায়ানমারে ফেরত পাঠাল মিজোরাম সরকার। ২০১৭ সালে মায়ানমারের রাখাইন প্রদেশে সেনা-জঙ্গি লড়াইয়ের জেরে দু'হাজারেরও বেশি শরণার্থী মিজোরামে আশ্রয় নেন। গত বছর অধিকাংশই ফিরে গেলেও ২১৯ জন কিছুতেই ফিরতে রাজি ছিলেন না। এদের মধ্যেও ২ জুলাই ৮৪ জন স্বেচ্ছায় মিজোরাম ছাড়েন। বাকি ১৩৫ জনকে আসাম রাইফেলসের জওয়ানরা জোর করেই মায়ানমার সীমান্ত পার করিয়ে দেন।

## কেন্দ্রের বিরুদ্ধে মুখ খুললেন উর্জিত



**৪ জুলাই:** ব্যাঙ্কগুলির অনুৎপাদক সম্পদের সমস্যার জন্য সরকার, ব্যাঙ্ক ও সংশ্লিষ্ট নিয়ন্ত্রকের ব্যর্থতাই দায়ী বলে মন্তব্য করলেন রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন গভর্নর উর্জিত পটেল। রিজার্ভ ব্যাঙ্ক থেকে সরে যাওয়ার পর প্রথমবার মুখ খুললেন তিনি। খবরে প্রকাশ, সম্প্রতি স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের এক অনুষ্ঠানে পটেল বলেন, ২০১৪ সালের আগে ব্যাঙ্কগুলি ইচ্ছেমতো ঋণ দিয়েছে। কেন্দ্র পুরোপুরি নিজের ভূমিকা পালন করেনি। দ্রুত ব্যবস্থা নেয়নি নিয়ন্ত্রকও। সব মিলিয়ে অবস্থা হাতের বাইরে চলে গিয়েছে। আগামী দিনে যাতে এই পরিস্থিতি ফের তৈরি না হয়, তা নিয়ে সতর্ক করেছেন তিনি। অন্যদিকে, রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিকে ভাল ফল করতে হলে সেগুলির পরিচালনায় কেন্দ্রের হস্তক্ষেপ কমানো জরুরি বলেও এদিন জানিয়েছেন রিজার্ভ ব্যাঙ্কের আর এক প্রাক্তন গভর্নর রঘুরাম রাজন।

**২ জুলাই** সরকারি চাকরি এবং শিক্ষা প্রতিষ্ঠানে আর্থিক ভাবে পিছিয়ে থাকা সাধারণ শ্রেণির জন্য ১০ শতাংশ সংরক্ষণ চালু করছে রাজ্য সরকার। এ সংক্রান্ত কেন্দ্রীয় আইন মেনে রাজ্য মন্ত্রিসভা সংরক্ষণের সিদ্ধান্তে সিলমোহর দিয়েছে। বিরোধীরাও এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন।

**ভারতকে ন্যাটো-সহযোগী দেশের মতো** একই মর্যাদা দিতে মার্কিন সেনেটে একটি আইন পাশ হল। ২০২০-২১ আর্থিক বর্ষের জন্য প্রযোজ্য এই আইন মোতাবেক, যে কোনও ন্যাটো সঙ্গী দেশের মতো ভারতের সঙ্গেও আমেরিকা প্রতিরক্ষা ক্ষেত্রে নানা চুক্তি করতে পারবে। প্রসঙ্গত, অস্ট্রেলিয়া, জাপান, ইজরায়েল ও দক্ষিণ কোরিয়াও ন্যাটোর সদস্য না হয়েও অনুরূপ মর্যাদা পায়।

**ইউরোপীয় ইউনিয়নের পার্লামেন্টের** প্রেসিডেন্ট নির্বাচিত হলেন প্রাক্তন ইতালীয় সাংবাদিক ৬৩ বছর বয়সি দাভিদ-মারিয়া সাসোলি। ইউরোপীয় ইউনিয়নের নেতৃবৃন্দ ২ জুলাই এই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছেন। ইউরোপীয় কমিশনের প্রধানের আসনে জার্মানির প্রতিরক্ষামন্ত্রী উর্সুলা ভন ডা লায়েনের মনোনয়ন গ্রহণ করা হয়েছে। সবকিছু ঠিক থাকলে এই প্রথম কোনও মহিলাকে দেখা যাবে ইইউ-এর সর্বোচ্চ পদে।

**৪ জুলাই** বালুচিস্তানের বালুচ লিবারেশন অর্গানাইজেশনকে আমেরিকা সন্ত্রাসবাদী সংগঠন হিসেবে চিহ্নিত করলেও ভারত তার বিপরীত অবস্থান নিয়ে জানাল, বালুচিস্তানের নৈরাজ্যের জন্য দায়ী পাকিস্তান সরকারই। ভারতের বিদেশ প্রতিমন্ত্রী ভি মুরলীধরন জানিয়েছেন, পাকিস্তানের সেনা বালুচিস্তানের মানুষের উপর অত্যাচার করছে। লোকসভাতে এক লিখিত প্রশ্নের জবাবে লিখিত জবাবে তাঁর বক্তব্য, 'ভারত পাকিস্তানকে অনুরোধ করেছে সিন্ধু, বালুচিস্তান, খাইবার পাখতুনখোয়ার মানুষকে নিশানা করে রাজনৈতিক অত্যাচার বন্ধ করা হোক। পাকিস্তানের গোয়েন্দা সংস্থা ও বাহিনী সেখানকার সাংবাদিক, সামাজিক আন্দোলনকারীদের হত্যা করছে, উধাও করে দিচ্ছে।'

## লোকসভায় বাজেট পেশ সীতারামনের



**৫ জুলাই:** লোকসভায় বাজেট পেশ করলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। দেশের প্রথম পুরো সময়ের মহিলা অর্থমন্ত্রী অবশ্য লোকসভা ভোটের আগের অন্তর্বর্তী বাজেটে যে দিশা দেখানো ছিল সেই রাস্তাতেই হাঁটলেন। অন্তর্বর্তী বাজেটে গ্রাম-গরিব-কৃষকদের নানা প্রকল্পে যেখানে যেমন বরাদ্দ ছিল, এবারেও সেই পরিমাণ বরাদ্দই রেখে দিলেন। পেট্রল-ডিজেলে ২ টাকা বাড়তি কর, ২ কোটি টাকার বেশি আয় সম্পন্ন ধনীদের আয়করে বাড়তি সারচার্জ বসিয়ে রাজকোষ ঘাটতি মেটানোর চেষ্টা করা হয়েছে। আয়কর ছাড়ের মূল ধাপে কোনও বদল হয়নি। পরিবর্তন হয়নি আয়করের হারেও। সোনা ও দামি ধাতুতে বাড়ানো হয়েছে আমদানি শুল্ক। নিজে থাকার জন্য বাড়ি কেনায় আগে বছরে ২ লক্ষ টাকা পর্যন্ত সুদ করমুক্ত ছিল। তা বেড়ে হচ্ছে ৩.৫ লক্ষ টাকা। অর্থনীতিবিদদের একাংশ জানিয়েছেন, বাজেট বক্তৃতায় আর্থিক নীতির রূপরেখার থেকে রাজনৈতিক দর্শনের প্রচার বেশি হয়েছে। প্রাক্তন অর্থমন্ত্রী পি চিদম্বরম বলেছেন, 'উনি মনমোহন সিংয়ের মতো বৈপ্লবিক সংস্কার করতে পারেননি। অল্পবিস্তর বদল করেছেন।' ছবি: পি টি আই

**৫ জুলাই** পশ্চিমবঙ্গে চালু হল চার বাণিজ্যিক আদালত। আলিপুর, রাজারহাট, আসানসোল ও শিলিগুড়িতে চালু হল এই আদালতগুলি। কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি থোট্টাথিল ভাস্করন নায়ার রাধাকৃষ্ণান কলকাতা থেকে রিমোটে ওই চার আদালতের উদ্বোধন করেন। ৭৫ লক্ষ টাকা বা তার বেশি টাকার বাণিজ্য সংক্রান্ত মামলার বিচার হবে এই আদালতে।

**রাষ্ট্রদ্রোহের অভিযোগে এক বছরের** জেল হল এডিএমকে নেতা ভাইকোর। চেন্নাইয়ের এক আদালত এই সাজা দিয়েছে। ২০০৯ সালে নিজের বই প্রকাশ অনুষ্ঠানে ভাইকো বলেছিলেন, 'শ্রীলঙ্কায় এলটিটিইর বিরুদ্ধে যুদ্ধ বন্ধ না করলে ভারত এক দেশ থাকবে না।' ওই মন্তব্যের প্রেক্ষিতে ভাইকোর বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের অভিযোগে মামলা করেছিল ডিএমকে।

**সিবিআইয়ের অতিরিক্ত ডিরেক্টরের** পদ থেকে অপসারিত হলেন এম নাগেশ্বর রাও। তাঁকে দমকল, অসামরিক প্রতিরক্ষা ও হোমগার্ডের ডিজি করা হয়েছে। সিবিআইয়ের প্রাক্তন ডিরেক্টর অলোক বর্মা ও ডেপুটি ডিরেক্টর রাকেশ আস্থানার মধ্যে দ্বন্দ্বের সময় নাগেশ্বরকে রাতারাতি অন্তর্বর্তিকালীন প্রধান করা হয়েছিল।

**৬ জুলাই** বিপুল আর্থিক কেলেঙ্কারির অভিযোগে ফেরার নীরব মোদীর স্থাবর অস্থাবর সম্পত্তি বিক্রি করে সাত হাজার কোটি টাকা আদায় করার যে আর্জি পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক জানিয়েছিল, তা মঞ্জুর করল 'ডেট রিকভারি ট্রাইব্যুনাল'। গত জুলাই মাসে এই আবেদন জানিয়েছিল পিএনবি। একই সঙ্গে ট্রাইব্যুনালের দ্বারস্থ হয়েছিল একাধিক ব্যাঙ্কের একটি কনসর্টিয়ামও। নীরবের কাছে তাদের পাওনা ২০০ কোটি টাকা। সেই দাবিও মঞ্জুর করেছে ট্রাইব্যুনাল।

## বাঁধ ভেঙে বিপর্যয় মহারাষ্ট্রে



**৩ জুলাই:** তুমুল বৃষ্টিতে মহারাষ্ট্রের রত্নগিরি জেলায় তিওয়ারে নদীবাঁধ ভেঙে বিপর্যয়ের সৃষ্টি হল। রাত্রে নদী বাঁধ ভেঙে সাতটি গ্রামে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়। প্রাথমিক ভাবে ২৩ জনের মৃত্যু হয়েছে বলে আশঙ্কা করা হয়েছে। জেলা প্রশাসন জানিয়েছে, রত্নগিরির চিপলুন তালুকের তিওয়ারে জলাধারটির ২০ লক্ষ ঘনমিটার জলধারণের ক্ষমতা রয়েছে। দু'দিনের ভারী বৃষ্টিতে এটির দেওয়াল ভেঙে যায়। গ্রামবাসীদের দাবি, আগে থেকে ফাটল দেখা গেলেও বাঁধ মেরামত করা হয়নি। ছবি: পি টি আই

## ২,৩০০ বার কম্পন ক্যালিফোর্নিয়ায়



**৬ জুলাই:** দক্ষিণ ক্যালিফোর্নিয়ায় ৩ দিনে ২,৩০০ বার ভূমিকম্প অনুভূত হল। ৪ জুলাই এখানকার রিজস্টেক এবং আশপাশের এলাকা কেঁপে উঠেছিল ৬.৪ মাত্রার ভূকম্পনে। তীব্রতার নিরিখে গত ২৫ বছরের ইতিহাসে এটাই সবচেয়ে বড় কম্পন। লস অ্যাঞ্জেলসের ২০২ কিলোমিটার উত্তরে এই ভূকম্পনের এপিসেন্টার বলে চিহ্নিত করা হয়েছে। প্রথম কম্পনের পর থেকে ধারাবাহিকভাবে কম্পন অনুভূত হয়েছে ক্যালিফোর্নিয়ায়। মার্কিন ভূতত্ত্ব সর্বেক্ষণ সংস্থা কম্পনের সংখ্যার এই হিসেব দিয়েছে। ভূমিকম্প বিশেষজ্ঞদের মতে রিজস্টেকের অদূরে মোজাভে মরুভূমি এলাকায় কম্পনের উৎসস্থল হওয়ায় প্রাণহানির ঘটনা এড়ানো সম্ভব হয়েছে। তবে কম্পনে বেশ কয়েকটি রাস্তায় ফাটল দেখা দিয়েছে। কিছু এলাকায় পাইপলাইনের ফাটল থেকে গ্যাস লিক করে বড় ধরনের অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।

Banglajobguide.blogspot.com   Join http://t.me/BanglaJobGuide   http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### কল্যাণী বিশ্ববিদ্যালয়ে ফিজিক্যাল এডুকেশনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

ফিজিক্যাল এডুকেশনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে অগস্টে।

**কোর্সের বিবরণ:** আসনসংখ্যা ৪০টি। এর মধ্যে ২০টি আসন ডেপুটেড শিক্ষক-শিক্ষিকাদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন অথবা হেলথ অ্যান্ড ফিজিক্যাল এডুকেশনে বি এসসি কোর্স পাশ। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন।

প্রার্থী বাছাই করা হবে প্র্যাক্টিক্যাল টেস্ট, কম্প্রিহেনশন টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২৪ ও ২৫ জুলাই।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.klyuniv.ac.in আবেদনের শেষ তারিখ ১৯ জুলাই। ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১৫০ টাকা)। ফি দিতে হবে অনলাইনে স্টেট ব্যাঙ্ক কালেক্টের মাধ্যমে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### কলকাতার উইমেনস পলিটেকনিকে অফিস ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি

**নিজস্ব প্রতিনিধি:** মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্টের ৩ বছরের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতার উইমেনস পলিটেকনিক। এটি একটি সরকারি পলিটেকনিক। যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক পাশ তরুণীরা ভর্তির জন্য আবেদন করতে পারেন।

বিভাগীয় প্রধান সুনীতা দাশ জানাচ্ছেন, কোর্সটি অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত। তিনি জানান, আধুনিক একটি অফিস সামলানোর জন্য পেশাদারের প্রয়োজন হয়। এই কোর্সে সেই ম্যানেজমেন্ট বা ব্যবস্থাপনাটা শেখানো হয়। সরকারি-বেসরকারি, উভয় ক্ষেত্রেই প্রশিক্ষিতদের চাকরির সুযোগ আছে।

মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্টের ডিপ্লোমাধারীদের বিভিন্ন সরকারি সংস্থায় অফিস অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট বা সহায়ক, অফিস ম্যানেজার প্রভৃতি পদে চাকরির সুযোগ আছে।

ভর্তির জন্য আবেদনের ফর্ম সংগ্রহ করতে হবে এই ঠিকানা থেকে: উইমেনস পলিটেকনিক, কলকাতা, ১/১/২, গড়িয়াহাট রোড (সাউথ), যোধপুর পার্ক, কলকাতা-৭০০ ০৬৮।

পূরণ করা আবেদনপত্রের সঙ্গে আবেদনের ফি বাবদ জমা দিতে হবে ৫০০ টাকা (কন্যাশ্রী প্রকল্পের আওতাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ভর্তি-সংক্রান্ত তথ্যের জন্য ফোনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৮৭৭৭৫-১০৩৩২, ৯৮৩০৪-১৩৪৭৭, ৯৪৩৩১-০২৮০৬।

### রেপ্রোগ্রাফির সার্টিফিকেট কোর্স

রেপ্রোগ্রাফি বিষয়ে স্বল্প মেয়াদের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল আর্কাইভস অব ইন্ডিয়ার স্কুল অব আর্কাইভাল স্টাডিজ। এটি একটি অনাবাসিক কোর্স। কোর্স চলবে ২ সেপ্টেম্বর থেকে ১১ অক্টোবর পর্যন্ত।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত দ্বিতীয় শ্রেণিতে যে-কোনও শাখায় স্নাতক। বিজ্ঞান শাখায় স্নাতক প্রার্থীদের অগ্রাধিকার। বয়স: ফ্রেশার প্রার্থীদের ক্ষেত্রে ৩০ বছর এবং স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ৫০ বছরের মধ্যে হতে হবে।

কোর্স ফি: ৩০০ টাকা।

তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nationalarchives.nic.in

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন**

- ✓ফি বাবদ ক্রসড ইন্ডিয়ান পোস্টাল অর্ডার বা ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১০০ টাকা। ফি 'Director General of Archives, National Archives of India, Janpath, New Delhi-110 001'-এর অনুকূলে প্রদেয় হতে হবে।
- ✓প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২৬ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director General of Archives, National Archives of India, Janpath, New Delhi-110 001.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### কল্যাণী বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞানের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

ডেটা সায়েন্স, ন্যানো সায়েন্স অ্যান্ড ন্যানোটেকনোলজি এবং জিনোম সায়েন্সের এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে। বিজ্ঞপ্তি নম্বর ১০/১৯

**আসনসংখ্যা:** ডেটা সায়েন্স: ২০টি। ন্যানো সায়েন্স অ্যান্ড ন্যানোটেকনোলজি: ২০টি। জিনোম সায়েন্স: ২০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সব ক্ষেত্রেই যে-কোনও শাখায় স্নাতক। ডেটা সায়েন্সের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন।

প্রার্থী বাছাই করা হবে অ্যাডমিশন টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ১১ অগস্ট।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.klyuniv.ac.in আবেদনের শেষ তারিখ ২৪ জুলাই। ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০০ টাকা)। ফি দিতে হবে অনলাইনে স্টেট ব্যাঙ্ক কালেক্টের মাধ্যমে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### ফটোগ্রাফি-ভিডিওগ্রাফি-ওয়েব ডিজাইনিংয়ের কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** ফটোগ্রাফি-ভিডিওগ্রাফি এবং ওয়েব ডিজাইনিং ও ডেভেলপমেন্টের ১ বছরের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ডিরোজিও মেমোরিয়াল কলেজ। দু'টি কোর্সই বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউ জি সি) কর্তৃক স্বীকৃত। কেন্দ্রীয় সরকারের কমিউনিটি কলেজ প্রকল্পের অধীনে পড়ানো হবে কোর্স দু'টি। যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক পাশ তরুণ-তরুণীরা এই দুই ডিপ্লোমা কোর্স পড়তে পারেন।

ডিরোজিও মেমোরিয়াল কলেজের কমিউনিটি কলেজ স্কিমের নোডাল অফিসার অনির্বাণ বসু রায়চৌধুরী জানাচ্ছেন, নিকন, ক্যানন ইত্যাদির মতো আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ক্যামেরা কোম্পানির পরামর্শ এবং ক্যালকাটা জার্নালিস্টস ক্লাবের সহায়তায় ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি কোর্সটির পাঠ্যক্রম তৈরি হয়েছে। তিনি জানান, কলেজেই রয়েছে অত্যাধুনিক স্টুডিও, এডিটিং সফটওয়্যার, বিভিন্ন রকমের ক্যামেরা ও অন্যান্য সরঞ্জাম।

ওয়েব ডিজাইনিং ও ডেভেলপমেন্ট কোর্সটিতে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে ওয়েব ডিজাইনিংয়ের শিক্ষা দেওয়া হয় বলে অনির্বাণবাবু জানালেন। সঙ্গে শেখা যায় সফটওয়্যার ডেভেলপমেন্ট, সিকিউরিটি প্রোগ্রামিং, কোডিং প্র্যাক্টিস ইত্যাদি।

অনির্বাণবাবু জানান, দু'টি কোর্সই একইসঙ্গে চাকরি ও স্বনিযুক্তি সহায়ক।

বার্ষিক কোর্স ফি ৯,৪৫০ টাকা। এছাড়া ইউনিফর্ম ফি বাবদ লাগবে ১,০০০ টাকা। আবেদনের ফি-সহ ভর্তির সময় দিতে হবে ৫,০০০ টাকা।

দু'টি কোর্সের ক্ষেত্রেই ফাইনাল পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রথম ৫০ জন ছাত্রছাত্রীর জন্য ৮,৫০০ টাকা করে স্কলারশিপের ব্যবস্থা আছে বলে অনির্বাণবাবু জানালেন।

দু'টি কোর্সেই ভর্তি চলছে। ভর্তির জন্য সরাসরি অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dmc.ac.in

তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৯৮৩০৫-৫১৭৭৪, ৯৮৩৬৭-৫৪২৩১।

ঠিকানা: ডিরোজিও মেমোরিয়াল কলেজ, রাজারহাট রোড, কলকাতা-১৩৬।

## স্কলারশিপের খোঁজখবর

### উচ্চমাধ্যমিকে পাঠরত মেধাবীদের স্কলারশিপ

২০১৯ সালে মাধ্যমিক উত্তীর্ণ এবং আর্থিকভাবে অনগ্রসর কিছু মেধাবী ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে আলো চ্যারিটেবল ট্রাস্ট। কলা ও বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীদের দেওয়া হবে এই স্কলারশিপ।

**আবেদনের যোগ্যতা:** মাধ্যমিকে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর-সহ পাশ করে একাদশ শ্রেণিতে কলা বিভাগে অথবা মোট অন্তত ৭৫ শতাংশ নম্বর-সহ পাশ করে একাদশ শ্রেণিতে বিজ্ঞান বা বাণিজ্য বিভাগে পাঠরতরা আবেদনের যোগ্য। **স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ৭,২০০ টাকা।

আবেদন করা যাবে অফলাইন-অনলাইন উভয়ভাবেই। আবেদনের শেষ তারিখ ১৫ অগস্ট। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.aalo.org.in ফোন: ৯৪৩৩৫৪২৭৯৮ (বিকেল ৩টে থেকে সন্ধ্যা ৬টা)।






Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. একটি বড় বরফের খণ্ড 0° C তাপমাত্রায় বায়ুতে রাখা আছে। এতে একটি ছোট গর্ত করে অল্প জল ঢালা হলে, সেই জল:
(a) জমে 0° C তাপমাত্রায় বরফ হয়ে যাবে (b) পুরনো উষ্ণতায় জলই থেকে যাবে (c) 0° C তাপমাত্রায় জল থেকে যাবে (d) জমে বরফ হয়ে যাবে যদি বরফ খণ্ডটি বড় হয় এবং জল থেকে যাবে যদি ছোট হয়
2. 'ব্যারোমিটার' আবিষ্কার করেন:
(a) থমাস আলফা এডিসন (b) বেঞ্জামিন ফ্রাঙ্কলিন (c) ইভান গ্যালিস্তা টরিসেলি (d) মাইকেল ফ্যারাডে
3. জোড়াগুলির সঠিক মিল করুন:

| | |
|---|---|
| i. গ্যালেনা | A. অ্যালুমিনিয়াম |
| ii. চ্যালকোপাইরাইট | B. লেড |
| iii. বক্সাইট | C. কপার |
| iv. মোনাজাইট | D. বেরিয়াম |
| | E. থোরিয়াম |

(a) i-A, ii-B, iii-C, iv-E (b) i-E, ii-B, iii-A, iv-C (c) i-B, ii-C, iii-E, iv-D (d) i-B, ii-C, iii-A, iv-E
4. পৃথিবীর একটি বস্তুর মুক্তিবেগ নীচের কোনটির ওপর নির্ভরশীল নয়?
(a) পৃথিবীর ব্যাসার্ধ (b) অভিকর্ষজ ত্বরণ (c) বস্তুটির ভর (d) সবক'টি
5. প্লবতা সর্বদা:
(a) পার্শ্বমুখী (b) নিম্নমুখী (c) উর্ধ্বমুখী (d) উভমুখী
6. ভারহীন অবস্থায় বস্তুর ঘনত্ব:
(a) হ্রাস পায় (b) বৃদ্ধি পায় (c) অপরিবর্তিত থাকে (d) কোনওটিই নয়
7. ফরমালিন হচ্ছে:
(a) 50 শতাংশ ফরমিক অ্যাসিডের দ্রবণ (b) 20 শতাংশ হাইড্রোফেলারিক অ্যাসিডের দ্রবণ (c) 14 শতাংশ অ্যাসিডের দ্রবণ (d) 40 শতাংশ ফরম্যালডিহাইডের দ্রবণ
8. রাস্তার পশ্চাৎদিকে দেখার জন্য একজন মোটরচালক কী ধরনের আয়না ব্যবহার হয়:
(a) অবতল (b) উত্তল (c) সমতল (d) কোনওটিই নয়
9. পজিট্রনের ভরের সমান:
(a) নিউট্রনের ভর (b) প্রোটনের ভর (c) ইলেকট্রনের ভর (d) ফোটনের ভর
10. ভিটামিন $B_{12}$-এ কোন ধাতুটি বর্তমান?
(a) লোহা (b) ম্যাগনেশিয়াম (c) ম্যাংগানিজ (d) কোবাল্ট
11. বনস্পতির শিল্পোৎপাদনে কোনটি প্রভাবক হিসেবে ব্যবহৃত হয়?
(a) প্যালাডিয়াম (b) প্ল্যাটিনাম (c) কোবাল্ট (d) নিকেল
12. পারদের স্ফুটনাঙ্ক কত?
(a) 801° C (b) 355° C (c) 369° C (d) 357° C
13. Virus Varicella-র সঙ্গে নীচের কোন রোগটির সম্পর্ক আছে?
(a) ইনফ্লুয়েঞ্জা (b) কনজাংটিভাইটিস (c) জনডিস (d) চিকেন পক্স
14. খর্পরণ (cupellation) পদ্ধতি কোন ধাতু নিষ্কাশনের সঙ্গে জড়িত?
(a) তামা (b) রুপো (c) টিন (d) সীসা
15. কয়লার কার্বনিকরণ হচ্ছে কয়লাকে উত্তপ্ত করা:
(a) বাতাসের অনুপস্থিতিতে (b) বাতাসের উপস্থিতিতে (c) হাইড্রোজেনের উপস্থিতিতে (d) অক্সিজেনের উপস্থিতিতে
16. ফুলারিন হচ্ছে:
(a) ফেলারিনের সমস্থানিক (b) কার্বনের বহুরূপ (c) লোহার আকরিক (d) ক্লোরিনের যৌগিক পদার্থ
17. গ্যাসোলিনের অক্টেন বৃদ্ধিকারক হিসেবে কোনটি ব্যবহৃত হয়?
(a) মিথাইল অ্যালকোহল (b) টি-বিউটাইল অ্যালকোহল (c) মিথাইল-টি-বিউটাইল (d) ওপরের সবক'টি
18. নীচের মধ্যে কোনটি সঠিক নয়?
(a) আপেক্ষিক আর্দ্রতা 81% (b) আপেক্ষিক আর্দ্রতা 91% (c) আপেক্ষিক আর্দ্রতা 101% (d) আপেক্ষিক আর্দ্রতা 25%
19. মানবশরীরের কোন অঙ্গে রক্ত পরিস্রুত হয়?
(a) ফুসফুসে (b) হৃদযন্ত্রে (c) বৃক্কে (d) যকৃতে
20. চক্ষুদানের দাতার চোখের কোন অংশ প্রতিস্থাপিত হয়?
(a) কর্নিয়া (b) লেন্স (c) রেটিনা (d) সম্পূর্ণ চোখ
21. জৈব বর্জ্য পদার্থের জারণ ঘটিয়ে পদার্থের ক্ষতিকারক প্রকৃতি বিনষ্ট করাকে বলে:
(a) কমপোস্টিং (b) কন্ডিশনিং (c) ক্লিনজিং (d) রিসাইক্লিং
22. কোন সরীসৃপের মধ্যে চার প্রকোষ্ঠযুক্ত হৃৎপিণ্ড আছে?
(a) টিকটিকি (b) অজগর (c) কচ্ছপ (d) কুমির
23. অ্যাথলিটস ফুট-এই রোগ হওয়ার কারণ হল:
(a) ব্যাক্টেরিয়া (b) ফাঙ্গাস (c) প্রোটোজোয়ান (d) নিমাটোড
24. যে মাছ সমুদ্রে ডিম পাড়ে:
(a) বান (b) ইলিশ (c) তেলাপিয়া (d) মাগুর
25. মানুষের ক্ষেত্রে কানের দু'প্রস্ত মাংসপেশি হল:
(a) সমসংস্থা অঙ্গ (b) অসমসংস্থা অঙ্গ (c) লুপ্তপ্রায় অঙ্গ (d) ওপরের কোনওটিই নয়
26. ভিটামিন K রক্ততঞ্চন-এর জন্য একটি গুরুত্বপূর্ণ উপাদান, কারণ এটি সংশ্লেষ করে:
(a) থ্রমবোপ্লাসটিন (b) ফাইব্রিনোজেন (c) প্রোথ্রমবিন (d) সবগুলিই
27. আইরিশ নীচের কোন অংশের সম্মুখ ভাগ?
(a) রেটিনা (b) করোয়েড (c) স্ক্লেরা (d) কর্নিয়া
28. অর্ধপ্রবেশ্য ঝিল্লির ভিতর দিয়ে প্রবাহিত হতে পারে:
(a) দ্রাব্য (b) দ্রাবক (c) a এবং b দুটোই (d) কোনওটিই নয়
29. ব্যাক্টেরিয়াতে কোন ধরনের সালোকসংশ্লেষ দেখা যায়?
(a) PS-I (b) PS-II (c) a এবং b দুটোই (d) কোনওটিই নয়
30. বদ্ধ রক্তসংবহন প্রবাহ কে আবিষ্কার করেন?
(a) ডারউইন (b) উইলিয়াম হার্ভে (c) মেন্ডেল (d) হিপোক্রিটাস
31. পাখি সংক্রান্ত বিজ্ঞানকে কী বলে?
(a) আরনিথোলজি (b) অথইপি (c) অর্থপিডিক্স (d) ওসটিওপাখি
32. নীচের কোনটি প্রাণীর জন্য অপরিহার্য কিন্তু উদ্ভিদের জন্য নয়?
(a) পটাশিয়াম (b) ফসফরাস (c) ক্যালশিয়াম (d) আয়োডিন
33. 'মেহগিনি' কোন শ্রেণির বৃক্ষ?
(a) চিরহরিৎ (b) জেমস লোভেল (c) গুল্ম (d) ম্যানগ্রোভ
34. কলকাতা দূরদর্শনের প্রথম সম্প্রচার 1975 সালের কত তারিখে হয়?
(a) 1 অগস্ট (b) 5 অগস্ট (c) 9 অগস্ট (d) 14 অগস্ট
35. সরোজিনী নাইডুর বিয়ের আগে কী পদবি ছিল?
(a) সরোজিনী বসু মুখোপাধ্যায় (b) সরোজিনী নেহরু (c) সরোজিনী বসু (d) সরোজিনী চট্টোপাধ্যায়
36. 'তিরিচমির' পর্বত কোন দেশে অবস্থিত?
(a) পাকিস্তান (b) চিন (c) ভারত-তিব্বত (d) নেপাল
37. কোনটি উত্তর ভারতের নদী?
(a) তাপ্তি (b) গোদাবরী (c) মহানদী (d) গঙ্গা
38. ঔরঙ্গজেব কোন শিখ গুরুকে মৃত্যুদণ্ড দেন?
(a) গুরু গোবিন্দ সিং (b) অর্জুন সিং (c) গুরু নানক (d) গুরু তেগবাহাদুর
39. ভারতীয় জাতীয় সংগীত কত সালে প্রথম গাওয়া হয়?
(a) 1911 সালে (b) 1912 সালে (c) 1909 সালে (d) 1919 সালে
40. ভারতে প্রকাশ্য স্থানে ধূমপান কত সালে নিষিদ্ধ হয়?
(a) 2000 সালে (b) 2003 সালে (c) 2007 সালে (d) 2009 সালে
41. হিটলার কোন দেশে জন্মগ্রহণ করেন?
(a) জার্মান (b) ইতালি (c) অস্ট্রিয়া (d) বিটেন
42. কোন শহরের ডাক নাম 'The Big Apple'?
(a) সিডনি (b) নিউ ইয়র্ক (c) জোহানেসবার্গ (d) লন্ডন
43. মানুষের মহাশূন্যে অভিযান প্রথম শুরু হয় কত সালে?
(a) 1930 সালে (b) 1945 সালে (c) 1957 সালে (d) 1897 সালে
44. লাওৎসে কোন দেশের বিখ্যাত ধর্মপ্রচারক?
(a) চিন (b) জাপান (c) দক্ষিণ কোরিয়া (d) উত্তর কোরিয়া
45. ইউরোপের কোন শহরকে 'Pearl of the Danube' বলা হয়?
(a) বস্টন (b) বুদাপেস্ট (c) ডাবলিন (d) ব্রাসেলস
46. 'ক্যাথলিক' শব্দটির অর্থ কী?
(a) সর্বজনীন (b) নিরপেক্ষ (c) গোঁড়া (d) স্বর্গদ্বার
47. সুন্দরবন হল:
(a) ম্যানগ্রোভ অরণ্য (b) পর্ণমোচী অরণ্য (c) চিরহরিৎ অরণ্য (d) ঝোপঝাড় অরণ্য
48. রেশমকীট কী খেয়ে বেঁচে থাকে?
(a) কীটপতঙ্গ (b) তুঁত গাছের পাতা (c) ঘাস (d) কোনওটিই নয়
49. বিশ্বের সবচেয়ে দ্রুতগামী ঝড়ের নাম কী?
(a) সুপার সাইক্লোন (b) টর্নাডো (c) টর্পেডো (d) উইলি-উইলি
50. চোল বংশের স্থপতি ছিলেন:
(a) রাজরাজ (b) প্রথম রাজেন্দ্র চোল (c) বিজয়ালয় (d) কেউই নন
51. 1টি বাক্সে 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সার মুদ্রার সংখ্যার অনুপাত 1 : 2 : 4। ওই বাক্সে মোট 393 টাকা থাকলে মোট কতগুলি মুদ্রা ছিল?
(a) 1001 (b) 915 (c) 895 (d) 917
52. 5 বছর পূর্বে স্বামী ও স্ত্রীর গড় বয়স ছিল 23 বছর। বর্তমানে স্বামী-স্ত্রী ও একমাত্র সন্তানের গড় বয়স 20 বছর। সন্তানের বর্তমান বয়স কত?
(a) 1 বছর (b) 2 বছর (c) 3 বছর (d) 4 বছর
53. চার অঙ্কবিশিষ্ট বৃহত্তম কোন সংখ্যাকে 12, 18 এবং 27 দ্বারা ভাগ করলে যথাক্রমে 10, 16 এবং 25 ভাগশেষ থাকবে?
(a) 9934 (b) 9936 (c) 9914 (d) 9938
54. এক ব্যক্তি দ্বিতীয় দিন 120 কিমি পথ ভ্রমণ করে দেখল যে প্রথম ও দ্বিতীয় দিনের ভ্রমণপথের অনুপাত 5 : 6। তৃতীয় দিনে কত কিমি পথ ভ্রমণ করলে প্রথম ও তৃতীয় দিনের ভ্রমণপথের অনুপাত হবে 4 : 5?
(a) 100 কিমি (b) 110 কিমি (c) 120 কিমি (d) 125 কিমি
55. একটি বাইসাইকেল B-কে 15% লাভে এবং B ওই বাইসাইকেলটি C-কে 20% লাভে বিক্রয় করে। তবে প্রকৃত লাভ কত?
(a) 38% (b) 35% (c) 36% (d) 34%
56. A একটি কাজ 5 দিনে, B 4 দিনে এবং A, B ও C একত্রে কাজটি 2 দিনে করতে পারে। C -একা কাজটি কত দিনে করবে?
(a) 25 দিনে (b) 12 দিনে (c) 15 দিনে (d) 20 দিনে
57. একটি বৃত্তাকার মাঠের চারদিকে সমপরিসরের একটি রাস্তা আছে। রাস্তার ভিতরের ও বাইরের দিকের পরিধির পার্থক্য 88 মিটার হলে রাস্তার প্রস্থ কত?
(a) 7 মিটার (b) 3.5 মিটার (c) 14 মিটার (d) 10.5 মিটার
58. কোনও বহুভুজের অন্তঃকোণগুলির সমষ্টি 1620°। বহুভুজটির বাহুসংখ্যা কত?
(a) 10 (b) 11 (c) 12 (d) 15
59. 1 থেকে 400 পর্যন্ত জোড়সংখ্যাগুলির যোগফল কত?
(a) 160000 (b) 80200 (c) 40200 (d) কোনওটিই নয়
60. 1, 2, 3, 5 ও 7 সংখ্যাগুলি একবারমাত্র ব্যবহার করে 5 অঙ্কের কতগুলি সংখ্যা গঠন করা যাবে, যেগুলি 125 দ্বারা বিভাজ্য?

এরপর এগারোর পাতায়

পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় সমাজতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ শব্দদু'টি সংযোজিত হয়েছে:
(a) 1950 সালে (b) 1976 সালে (c) 1978 সালে (d) 1980 সালে
2. সুপ্রিম কোর্টের বিচারপতিকে নিযুক্ত করেন:
(a) ভারতের প্রধান বিচারপতি (b) রাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) আইনমন্ত্রী
3. সম্প্রতি কোন রাজ্য সরকার সৌরশক্তিভিত্তিক ক্ষুদ্র প্রকল্প চালু করতে চলেছে যেটি প্রথম পর্যায়ে 13টি জেলায় চালু করা হবে?
(a) পশ্চিমবঙ্গ (b) হরিয়ানা (c) গুজরাট (d) রাজস্থান
4. কোন দেশ একাকী প্রতিবন্ধী ও দৃষ্টিশক্তিহীন পর্বতারোহীর মাউন্ট এভারেস্ট আরোহণ করার ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছে?
(a) ভারত (b) চিন (c) নেপাল (d) পাকিস্তান
5. 2022 সালের 39 তম ন্যাশনাল গেমস কোন রাজ্য আয়োজন করতে চলেছে?
(a) মহারাষ্ট্র (b) অসম (c) মিজোরাম (d) মেঘালয়
6. হরিপ্রসাদ চৌরাসিয়া যে জন্য বিখ্যাত:
(a) সেতারবাদন (b) বাঁশিবাদন (c) সরোদবাদন (d) সন্তুরবাদন
7. রাজা অয়াদিপাউসের ভূমিকায় কার অভিনয় বিখ্যাত হয়েছিল?
(a) উৎপল দত্ত (b) অশোক মুখোপাধ্যায় (c) বিভাস চক্রবর্তী (d) শম্ভু মিত্র
8. 'ট্রেজার আইল্যান্ড'-এর লেখক কে?
(a) সিডনি শেলডন (b) আর্থার মিলার (c) আর এল স্টিভেনসন (d) সলমন রুশদি
9. শেষ জৈন তীর্থংকর কে ছিলেন?
(a) মহাবীর (b) ঋষভনাথ (c) পার্শ্বনাথ (d) সারিপুত্ত
10. ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম সভাপতি কে ছিলেন?
(a) সুরেন্দ্রনাথ ব্যানার্জি (b) দাদাভাই নৌরজি (c) ডব্লু সি ব্যানার্জি (d) এম কে গান্ধী
11. বঙ্গোপসাগরের ঘূর্ণিঝড় নিম্নলিখিত কোন মানচিত্রের সাহায্যে বিশ্লেষণ করা হয়?
(a) টোপোগ্রাফিক্যাল মানচিত্র (b) স্যাটেলাইট ইমেজারি (c) জি আই এস (d) অক্সফোর্ড অ্যাটলাস
12. একটি রকেট পৃথিবী ছেড়ে চাঁদে অবতরণ করল ও পৃথিবীতে ফিরে এল। এতে সবচেয়ে বেশি শক্তি লাগল:
(a) পৃথিবী থেকে উঠতে (b) চাঁদে নামতে (c) চাঁদ থেকে উঠতে (d) পৃথিবীতে নামতে
13. ইন্টারপোলের সদর দপ্তর কোথায়?
(a) ব্রিটেন (b) ফ্রান্স (c) বেলজিয়াম (d) জার্মানি
14. কোনও পদার্থের পারমাণবিক ভর 24 এবং পারমাণবিক সংখ্যা 12 হলে তার তুল্যাঙ্কভার হল:
(a) 12 (b) 24 (c) 16 (d) 48
15. দেহকোষের ডিপ্লয়েড নিউক্লিয়াসকে বলা হয়:
(a) প্রোনিউক্লিয়াস (b) অ্যাম্ফিনিউক্লিয়াস (c) হেমিনিউক্লিয়াস (d) হেটারোক্যারিয়ন
16. শ্বাসনালি ফুলকা দেখা যায় যে প্রাণীতে:
(a) লিমুলাস বা রাজকাঁকড়া (b) মশার লার্ভা (c) মাছ (d) স্যালামেন্ডার
17. 32 টাকা কিলোগ্রাম দরের দার্জিলিং চা-এর সঙ্গে 25 টাকা কিলোগ্রাম দরের অসম চা কী অনুপাতে মিশিয়ে প্রতি কিলোগ্রাম 32.40 টাকা দরে বিক্রি করলে 20% লাভ হবে?
(a) 2 : 5 (b) 3 : 4 (c) 5 : 6 (d) কোনওটিই নয়
18. পাঁচটি সংখ্যার প্রথম চারটির গড় 26 এবং শেষ চারটির গড় 25 হলে প্রথম ও পঞ্চম সংখ্যার অন্তরফল নির্ণয় করুন।
(a) 5 (b) 4 (c) 6 (d) 7
19. $\frac{2}{4\frac{2}{5}}$ -এর সমান একটি ভগ্নাংশের হর 7 হলে এর লব হবে:
(a) 11 (b) 22 (c) $3\frac{2}{11}$ (d) $\frac{5}{11}$
20. তোমার খাতার একটি পাতা 15 সেমি লম্বা এবং 12 সেমি চওড়া। চারপাশে 2 সেমি মার্জিন দিয়ে বাকি অংশে লেখা হল। যে অংশে লেখা হল তার ক্ষেত্রফল কত?
(a) 100 বর্গসেমি (b) 92 বর্গসেমি (c) 95 বর্গসেমি (d) 98 বর্গসেমি
21. 'P' বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 'Q' বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের $\frac{121}{256}$ অংশ। 'P' বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য 'Q' বর্গক্ষেত্রের বাহুর কত অংশ হবে?
(a) $\frac{11}{16}$ (b) $\frac{11}{13}$ (c) $\frac{11}{12}$ (d) $\frac{11}{18}$
22. ভারতীয় সংবিধানের 19 নম্বর ধারার বিষয়বস্তু হল:
(a) সাম্যের অধিকার (b) ধর্মীয় স্বাধীনতার অধিকার (c) শোষণের বিরুদ্ধে অধিকার (d) স্বাধীনতার অধিকার
23. আর্থিক জরুরি অবস্থা (360 নম্বর ধারা) প্রথম জারি হয়েছিল:
(a) 1962 সালে (b) 1965 সালে (c) 1975 সালে (d) কোনওটাই নয়
24. সুপ্রিম কোর্টের বিচারপতি নিয়োগের উদ্দেশ্যে গঠিত 'কলেজিয়াম' এই প্রথম কোন মহিলা আইনজীবীকে সরাসরি সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে নিয়োগ করার সুপারিশ করল?
(a) কাজল দেবগণ (b) সুমিত্রা মালহোত্রা (c) ইন্দু মালহোত্রা (d) নিশিতা মাত্রে
25. সম্প্রতি আনন্দিবেন প্যাটেল কোন রাজ্যের রাজ্যপাল হলেন?
(a) উত্তরপ্রদেশ (b) মিজোরাম (c) মধ্যপ্রদেশ (d) রাজস্থান

### উত্তর

1(b), 2(b), 3(b), 4(c), 5(d), 6(b), 7(b), 8(c), 9(a), 10(c), 11(a), 12(a), 13(b), 14(b), 15(b), 16(c), 17(a), 18(b), 19(c), 20(d), 21(a), 22(d), 23(d), 24(c), 25(c).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) 5টি (b) 12টি (c) 4টি (d) 8টি

61. 73953 সংখ্যাটিতে 3 -এর দু'টি স্থানীয় মানের পার্থক্য কত?

(a) 3003 (b) 2997 (c) 3030 (d) 0

62. $12 \times 4 + 3$ এর $8 \div 2 - 1$ ?

(a) 0 (b) 1 (c) 2 (d) 4

63. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে $\frac{3}{5}$ দ্বারা গুণ করলে গুণফল একটি পূর্ণসংখ্যা হবে:

(a) 5 (b) $\frac{5}{3}$ (c) $\frac{2}{5}$ (d) কোনওটিই নয়

64. পরপর চারটি বিজোড় সংখ্যার গড় 12 হলে, ক্ষুদ্রতম কোনটি?

(a) 9 (b) 3 (c) 5 (d) অনির্ণেয়

65. একটি ছাত্রের 10টি পরীক্ষায় নম্বরের গড় 80। সর্বোচ্চ ও সর্বনিম্ন নম্বর না ধরলে গড় হয় 81। যদি সর্বোচ্চ নম্বর 92 হয়, তবে সর্বনিম্ন নম্বর কত?

(a) 55 (b) 62 (c) 61 (d) 60

66. একটি নির্বাচনে দু'জন প্রার্থীর মধ্যে বিজয়ী প্রার্থী মোট ভোটের 60% পেয়ে 5000 ভোটে জয়লাভ করে। মোট ভোটারের সংখ্যা কত?

(a) 2400 (b) 25500 (c) 25000 (d) 2200

67. একটি শহরের জনসংখ্যা একটি নির্দিষ্ট হারে প্রতি বছর বৃদ্ধি পায়। বর্তমানে জনসংখ্যা 12000 হলে 2 বছর পরে হয় 18000। 6 বছর পর জনসংখ্যা কত হবে?

(a) 25000 (b) 30000 (c) 29000 (d) 24000

68. একটি বিদ্যালয়ে ছাত্র ও ছাত্রীর অনুপাত 2 : 3। যদি 20% ছাত্র ও 30% ছাত্রী প্রাপ্তবয়স্ক হয় তবে অপ্রাপ্তবয়স্ক ছাত্রছাত্রীর শতকরা হার কত?

(a) 78% (b) 74% (c) 76% (d) 79%

69. 18265 থেকে ক্ষুদ্রতম কোন সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল পূর্ণবর্গ সংখ্যা হবে?

(a) 30 (b) 40 (c) 50 (d) 10

70. একটি হোটেলে 60% লোক নিরামিষ খায়, 30% আমিষ খায় এবং 15% উভয় খাবার খায়। 96 জন লোক ওই হোটেলে থাকলে কত জন উভয় খাবার খায় না?

(a) 20 (b) 24 (c) 26 (d) 28

71. একটি চৌবাচ্চা A নল দিয়ে 20 মিনিটে পূর্ণ হয় এবং অপর নল B দিয়ে 30 মিনিটে খালি হয়। দু'টি নল একসঙ্গে খুলে দিলে কত সময়ে চৌবাচ্চাটি পূর্ণ হবে?

(a) 90 মিনিটে (b) 60 মিনিটে (c) 30 মিনিটে (d) 20 মিনিটে

72. যদি একটি নল দ্বারা কোনও চৌবাচ্চার $\frac{3}{5}$ অংশ পূর্ণ করতে 21 মিনিট সময় লাগে, তবে 15 মিনিটে চৌবাচ্চার কত অংশ পূর্ণ হবে?

(a) $\frac{2}{7}$ অংশ (b) $\frac{5}{7}$ অংশ (c) $\frac{3}{7}$ অংশ (d) $\frac{7}{3}$ অংশ

73. একটি ট্রেন $1\frac{1}{2}$ ঘণ্টায় 66 কিমি পথ অতিক্রম করে। ট্রেনটির মিনিটে গতিবেগ কত?

(a) $733\frac{1}{3}$ মিটার (b) $703\frac{1}{3}$ মিটার (c) $710\frac{1}{3}$ মিটার (d) $337\frac{1}{3}$ মিটার

74. একটি নৌকা স্রোতের অনুকূলে নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করে 10 ঘণ্টায় এবং প্রতিকূলে ফিরে আসে 20 ঘণ্টায়। স্থির জলে নৌকার গতি ঘণ্টায় 9 কিমি হলে, যাত্রাপথের দূরত্ব কত?

(a) 60 কিমি (b) 90 কিমি (c) 120 কিমি (d) 240 কিমি

75. একটি ব্যবসায় রাম, যদু ও আলি তিনজন অংশীদার যথাক্রমে 800 টাকা, 600 টাকা এবং 1000 টাকা বিনিয়োগ করে। মোট লাভ 480 টাকা হলে, যদুর অংশ কত?

(a) 200 টাকা (b) 160 টাকা (c) 120 টাকা (d) 140 টাকা

76. যদি কোনও ভাষায় কালিকে বলা হয় বাতাস, বাতাসকে বলা হয় মালভূমি, মালভূমিকে বলা হয় কুয়ো, কুয়োকে বলা হয় দ্বীপ, দ্বীপকে বলা হয় আকাশ, তাহলে ওই ভাষায় মহিলা কোথা থেকে জল তোলে?

(a) কুয়ো (b) দ্বীপ (c) বাতাস (d) আকাশ

77. যদি CAT = 356, COW = 308, DOG = 490 এবং RAT = 256 হয়, তাহলে FOX = ?

(a) 701 (b) 107 (c) 791 (d) 193

78. তাজমহল : আগ্রা : : রাসমঞ্চ : ?

(a) বিষ্ণুপুর (b) বৃন্দাবন (c) মথুরা (d) গয়া

79. নীচের শব্দগুলির মধ্যে কোন দু'টি পুরস্পর সদৃশ?

শিক্ষক, পুস্তক, কলম, পেনসিল

(a) কলম, পেনসিল (b) কলম, পুস্তক (c) শিক্ষক, পুস্তক (d) শিক্ষক, পেনসিল

80. A, B, C, D, E, F এই 6 জন ব্যক্তির মধ্যে 3টি বিবাহিত দম্পতি রয়েছেন যাদের মধ্যে A, C, E হলেন স্বামী। B, C, D হলেন পরস্পরের সম্পর্কে ভাই-বোন, B, A -এর স্ত্রী নয়। তাহলে B-এর স্বামী হবে:

(a) C b) A (c) E (d) F

81. নীচের ছবি চারটির মধ্যে কোনটি অন্যদের চেয়ে আলাদা?



(a) (b) (c) (d)

82. যদি L = +, M = –, N ×, P = ÷ হয় তবে, 14 N 10 L 42 P 2 M8 = ?

(a) 153 (b) 216 (c) 248 (d) 251

83. একটি বিদ্যালয়ে শারীরবিদ্যার ক্লাসে নীচের সাংকেতিক ভাষা ব্যবহৃত হয়: কতবার বসতে হবে?

1. হাঁটা শুরু করো 2. দাঁড়িয়ে থাকো 3. দৌড়ানো শুরু করো 4. বসে পড়ো

1 2 3 4 2 3 1 4 4 3 2 2 1 2 4 3 1 4 4 1 2

(a) 4 বার (b) 5 বার (c) 6 বার (d) 3 বার

84. সংখ্যা লেখা একটি কাগজকে নীচের চিত্রের ন্যায় ভাঁজ করে একটি ঘনকে তৈরি করা হলে 5-এর বিপরীত সংখ্যাটি কত?




(a) 2 (b) 3 (c) 4 (d) 6

85. কোনটি বিজাতীয় বলুন:

(a) (1, 4, 9) (b) (16, 25, 36) (c) (49, 64, 71) (d) (100, 121, 144)

86. $A \times B \times C = 6$, $D \times E \times F = 120$, $H \times I \times ? = 360$

(a) G (b) D (c) E (d) F

87. একটি বালিকার দিকে তাকিয়ে স্ত্রীলোকটি বললেন, 'তার মা আমার মায়ের কন্যা ছিলেন' 'স্ত্রীলোকটি বালিকার কে হন?

(a) মা (b) মাসিমা (c) ননদিনি (d) কোনওটিই নয়


88. রাম, সুনীতার চেয়ে ছোট কিন্তু রীতার চেয়ে বড়, রীতা গীতার চেয়ে বড় এবং শ্যাম রীতার চেয়ে বড় কিন্তু রাধার চেয়ে ছোট, তবে সবচাইতে ছোট কে?

(a) রাধা (b) গীতা (c) সুনীতা (d) কেউই নয়

89. কোন জোড়াটি ভুল?

(a) টেনিস : স্ট্রোক (b) ব্যাডমিন্টন: ড্রপ (c) হকি : শর্ট কর্নার (d) ক্রিকেট : পশু

90. নীচের রেখচিত্রটি দেখে চাকরিরত কিন্তু অশিক্ষিত যুবকদের বোঝানোর জন্য কোন স্থানটি নির্দিষ্ট করা হয়েছে চিহ্নিত করুন:




(a) 4, 5, 6 (b) শুধুমাত্র 4 (c) 1, 4, 7 (d) 4, 7

91. কোনও এক লাইনে মোট 39 জন ছাত্র আছে। কৌশিক ডানদিক থেকে 17তম হলেও বাঁদিক থেকে কততম স্থানে আছে?

(a) 22তম (b) 24তম (c) 25তম (d) 23তম

92. যদি গুয়াহাটি = পানাজি, পানাজি = আগরতলা, আগরতলা = রাঁচি, রাঁচি = কলকাতা, কলকাতা = পাটনা হয়, তবে ঝাড়খণ্ডের রাজধানি কোনটি?

(a) রাঁচি (b) পাটনা (c) পানাজি (d) কলকাতা

93. A + B মানে A হয় B-এর মা, A ÷ B মানে A হয় B-এর ভাই, A × B মানে A হয় B-এর ছেলে এবং A – B মানে A হয় B-এর বোন, তবে নীচের কোনটির অর্থ C হয় D-এর বোন?

(a) D – C (b) D × P – C (c) C – P ÷ D (d) P + D + C

94. নীচের চিত্রে কোনটি কবি, ঔপন্যাসিক এবং সাহিত্যিককে প্রকাশ করে?

*এরপর বারোর পাতায়*




Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*



(a) (b) (c) (d)

95. নীচের ( ? ) স্থানের সঠিক সংখ্যাটি কী ?

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 4 | 20 | 5 | | 23 | 161 | 7 | | ? | 333 | 9 |

(a) 17 (b) 29 (c) 37 (d) 41

96. সচিন অশোকের 40 মিটার দক্ষিণ-পশ্চিমে, সুমন অশোকের 40 মিটার দক্ষিণ-পূর্বে, সুমন সচিনের কোনদিকে?

(a) পশ্চিমে (b) উত্তরে (c) পূর্বে (d) দক্ষিণ-পশ্চিমে

97. ইংরেজি বর্ণমালার প্রথম ও 26তম বর্ণটি যুগ্ম, দ্বিতীয় ও 25তম যুগ্ম, এইভাবে নীচের কোন বর্ণদু'টি যুগ্ম?

(a) CW (b) GK (c) EV (d) IP

98. 6-র বিপরীতে কী হবে?




(a) 1 (b) 2 (c) 4 (d) 5

99. শূন্যস্থানে কী বসবে? aab ___ aa ___ bbb ___ aaa ___ bbba.

(a) abba (b) baab (c) aaab (d) abab

100. একটি শ্রেণিতে 10 জন ছাত্র আছে। বছরের শুরুতে একে অপরকে নববর্ষের গ্রিটিংস কার্ড বিতরণ করলে মোট ক'টি কার্ডের প্রয়োজন?

(a) 45 (b) 90 (c) 110 (d) কোনওটিই নয়

### উত্তর

1(a), 2(c), 3(d), 4(c), 5(c), 6(c), 7(d), 8(b), 9(c), 10(d), 11(d), 12(d), 13(d), 14(a), 15(a), 16(b), 17(a), 18(c), 19(a), 20(a), 21(a), 22(d), 23(b), 24(a), 25(c), 26(c), 27(d), 28(b), 29(c), 30(b), 31(a), 32(d), 33(a), 34(c), 35(d), 36(a), 37(d), 38(d), 39(a), 40(b), 41(c), 42(b), 43(c), 44(a), 45(b), 46(a), 47(a), 48(b), 49(b), 50(c), 51(d), 52(d), 53(a), 54(d), 55(a), 56(d), 57(c), 58(b), 59(c), 60(c), 61(b), 62(a), 63(b), 64(a), 65(d), 66(c), 67(b), 68(b), 69(b), 70(b), 71(b, 72(c), 73(a), 74(c), 75(c), 76(b), 77(c), 78(a), 79(a), 80(c), 81(b), 82(a), 83(a), 84(d), 85(c), 86(c), 87(a), 88(b), 89(d), 90(b), 91(d), 92(d), 93(c), 94(b), 95(c), 96(c), 97(c), 98(c), 99(b), 100(b).

### সমাধান

51(d): 1 টাকা 0.50 টাকা 0.25 টাকা

$\frac{\text{সংখ্যা} \times 1}{\text{মূল্য} \Rightarrow 1} + \frac{2}{1} + \frac{4}{1} = 3$ টাকা

∴ মুদ্রাসংখ্যা $= \frac{7}{3} \times 393 = 917$.

52(d): বর্তমানে স্বামী, স্ত্রী ও সন্তানের মোট বয়স $= 3 \times 20 = 60$ বছর

বর্তমানে স্বামী ও স্ত্রীর মোট বয়স $= 2(23 + 5) = 56$ বছর

সন্তানের বয়স $= 4$ বছর

53(a): ভাজক ⇒ 12 18 27

ভাগশেষ ⇒ 10 16 25

পার্থক্য = 2 2 2

12, 18 এবং 27-এর ল.সা.গু. = 108

∴ চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = 9999-কে 108 দ্বারা ভাগ করলে অবশিষ্ট থাকে = 63

∴ 108 দ্বারা বিভাজ্য চার অঙ্কের বৃহত্তম সংখ্যা $= (9999 - 63) = 9936$

∴ নির্ণেয় সংখ্যা $= 9936 - 2 = 9934$.

54(d): প্রথম দিনে ভ্রমণ করেন $= 120 \times \frac{5}{6} = 100$ কিমি

∴ তৃতীয় দিনে ভ্রমণের পথ $= 100 \times \frac{5}{4} = 125$ কিমি।

55(a): C-এর ক্রয়মূল্য $= \frac{115}{100} \times \frac{120}{100} \times 100 = 138$

প্রকৃত লাভ $= 138 - 100 = 38\%$.

56(d): 5, 4 এবং 2 এর ল.সা.গু. = 20 ∴ মোট কাজ = 20

A 1 দিনে করে $= \frac{20}{5} = 4$টি কাজ, B 1 দিনে করে $= \frac{20}{4} = 5$টি কাজ

A, B এবং C 1 দিনে করে $= \frac{20}{2} = 10$টি কাজ

∴ C 1 দিনে করে $= 10 - (4 + 5) = 1$টি কাজ

∴ C পুরো কাজ করে $= \frac{20}{1} = 20$ দিনে।

57(c): [ বিশেষ দ্রষ্টব্য: বৃত্তাকার রাস্তার ভিতরের ও বাইরের দিকের পরিধির পার্থক্য 22 একক হলে, দু'টি বৃত্তের ব্যাসার্ধের পার্থক্য = 3.5 একক হবে।]

∴ রাস্তার প্রশস্ততা $= 88 \times \frac{3.5}{22} = 14$ মিটার।

58(b): [ বিশেষ দ্রষ্টব্য: কোনও বহুভুজের বাহুসংখ্যা = n হলে, অন্তঃকোণের সমষ্টি $= 2(n - 2) \times 90^\circ$]

$2(n - 2) \times 90^\circ = 1620$, $n - 2 = 9$ ∴ $n = (9 + 2) = 11$টি বাহু।

59(c): [জোড়সংখ্যাগুলির সমষ্টি $= \left(\frac{\text{১ম জোড় + শেষ জোড়}}{2}\right) \times$ মোট জোড়সংখ্যা)

∴ সমষ্টি $= \left(\frac{2 + 400}{2}\right) \times 200 = 40200$.

[কারণ 2 থেকে 400 পর্যন্ত মোট 200টি জোড়সংখ্যা আছে)]

60(c): 1, 2, 3, 5 ও 7 দ্বারা গঠিত সংখ্যাগুলি 125 দ্বারা বিভাজ্য হতে হলে, সংখ্যাগুলির শেষে 125 অথবা 375 থাকতে হবে

সংখ্যাগুলি হবে = 37125 বা 73125 এবং 12375 বা 21375.

61(b): 73953 73953

↓ ↓

( 3000 – 3) = 2997.

62(a): $12 \times 4 \div 3$-এর $8 \div 2 - 1 = 48 \div 24 \div 2 - 1 = 2 \div 2 - 1 = 1 - 1 = 0$.

63(b): [ বিশেষ দ্রষ্টব্য: কোনও ভগ্নাংশের অন্যোন্যক দ্বারা ভগ্নাংশটিকে গুণ করলে, গুণফল পূর্ণসংখ্যা হবে।] ∴ $\frac{3}{5}$ এর অন্যোন্যক $\frac{5}{3}$.

64(a): বিজোড় সংখ্যা = 9 11 ↓ 13 15

গড় = 12

65(d): মোট নম্বর $= 80 \times 10 = 800$

∴ সর্বোচ্চ ও সর্বনিম্ন নম্বর বাদে মোট নম্বর $= 81 \times (10 - 8) = 648$

∴ সর্বোচ্চ ও সর্বনিম্ন মোট নম্বর $= 800 - 648 = 152$

∴ সর্বনিম্ন নম্বর $= 152 - 92 = 60$.

66(c): পরাজিত প্রার্থীর ভোটের হার $= (100 - 60) = 40\%$

∴ মোট ভোটার $= 5000 \times \frac{100}{(60 - 40)} = 25000$.

67(b): 2 বছরে বৃদ্ধি $= (18000 - 12000) = 6000$

6 বছরে বৃদ্ধি $= \frac{6000}{2} \times 6 = 18000$

∴ 6 বছর পর জনসংখ্যা $= 12000 + 18000 = 30000$.

68(b): অপ্রাপ্তবয়স্ক ছাত্র-ছাত্রীর শতকরা হার

$= \frac{2 \times (100 - 20) + 3(100 - 30)}{(2 + 3)} = \frac{160 \times 210}{5} = \frac{370}{5} = 74\%$.

69(b): 18265-এর নিকটবর্তী পূর্ণবর্গ সংখ্যা $= 135^2 = 18225$

∴ নির্ণেয় সংখ্যা $= 18265 - 18225 = 40$.

70(b): উভয় খাবার না খাওয়ার হার $= 100 - (60 + 30 - 15) = 25\%$

∴ উভয় খাবার খায় না $= 96 \times \frac{25}{100} = 24$ জন।

71(b): দু'টি নল একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চাটি পূর্ণ করে $= \frac{20 \times 30}{(30 - 20)} = 60$ মিনিটে।

72(c): 15 মিনিটে পূর্ণ করে $= \frac{3 \times 15}{5 \times 21} = \frac{3}{7}$.

73(a): ট্রেনটির মিনিটে গতিবেগ $= \frac{66 \times 1000}{90} = 733\frac{1}{3}$ মিটার।

74(c): অনুকূল : প্রতিকূল

সময় = 10 : 20

গতিবেগ = 20 : 10 = 2 : 1

∴ নৌকার গতিবেগ $= \frac{2 + 1}{2} = \frac{3}{2}$ এবং স্রোতের গতিবেগ $= \frac{2 - 1}{2} = \frac{1}{2}$

∴ নৌকার গতিবেগ : স্রোতের গতিবেগ $= \frac{3}{2} : \frac{1}{2} = 3 : 1$

∴ স্রোতের গতিবেগ $= 9 \times \frac{1}{3} = 3$ কিমি/ঘণ্টা ∴ দূরত্ব $= 10 \times (9 + 3) = 120$ কিমি।

75(c): রাম, যদু ও আলির মূলধনের অনুপাত = 800 : 600 : 1000 = 4 : 3 : 5

∴ যদুর লভ্যাংশ $= \frac{3}{(4 + 3 + 5)} \times 480 = 120$ টাকা।

76(b): মহিলারা কুয়োর থেকে জল তোলে ∴ আর কুয়োকে বলা হয় দ্বীপ।

77(c):

| C | A | T | | C | O | W | | D | O | G | | R | A | T |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | | ↓ | ↓ | ↓ | | ↓ | ↓ | ↓ | | ↓ | ↓ | ↓ |
| 3 | 5 | 6 | | 3 | 9 | 8 | | 4 | 9 | 0 | | 2 | 5 | 6 |

∴ FOX

↓

9

মাঝে 9 আছে 791 and 193, কিন্তু 193 হবে না কারণ 3 = C ∴ FOX ⇒ 791.

80(c): A, D-এর স্ত্রী B ⟷ C ভাই

C হলেন F-এর স্বামী এবং E হলেন B -এর স্বামী।

81(b): বাকি ছবিগুলিতে সমান ভাগ নেই।

82(a): L = +/M = –/N = ×, P = ÷ ∴ 14 N 10 L 42 P 2 M 8

$14 \times 10 + 42 \div 2 - 8 = 140 + 21 - 8 = 153$.

84(d): 2-এর বিপরীতে 3/1-এর বিপরীতে 4 এবং 5-এর বিপরীতে 6.

85(c): বাকিগুলি পূর্ণবর্গ সংখ্যা।

86(c): A × B × C D × E × F

↓ ↓ ↓ ↓ ↓ ↓

Alphabet -এ স্থান ⇒ 1 × 2 × 3 = 6 4 × 5 × 6 = 120

H × I × [E]

↓ ↓ ↓

8 × 9 × [5] = 360

87(a): তার মা আমার মায়ের কন্যা, অর্থাৎ তারা দু'জন মা এবং মেয়ে ∴ স্ত্রীলোকটি বালিকার মা।

88(b): সুনীতা > রাম > রীতা > গীতা

রাধা > শ্যাম > রীতা ∴ সবচেয়ে ছোট গীতা।

91(d): কৌশিকের বাঁদিক থেকে স্থান $= (39 + 1 - 17) = 23$.

93(c): বোন ভাই

C – P ÷ D

95(c): 4 × 5 = 20/23 × 7 ⇒161/ 37 × 9 = 333

99(b): aab_b_/aa_a_bbb/_a_aaa_b_bbb/a ∴ 'baab'.

100(b): কার্ড সংখ্যা $= n(n - 1) = 10 \times (10 - 1) = 90$টি।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

# পি এস সি-র মাধ্যমে ২৯৫৪ আই সি ডি এস সুপারভাইজর

## নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

86(a): 35 জন শ্রমিক বাকি কাজ 12 দিনে [= 38 – 25 – 1]

30 জন শ্রমিক বাকি কাজ $\frac{12 \times 35}{30} = 14$ দিনে

কাজ শেষ হতে সময় লাগবে 25 + 14 = 39 দিন; বরাদ্দ = 38 দিন।

নির্দিষ্ট সময়ের 39 – 38 = 1 দিন পরে সম্পন্ন হবে।

87(b): তিনটি নলদ্বারা পূর্ণ করার সময় $= \frac{10 \times 12 \times 15}{10 \times 12 + 12 \times 15 + 10 \times 15}$

$= \frac{10 \times 12 \times 15}{120 + 180 + 150} = \frac{10 \times 12 \times 15}{450} = \frac{10 \times 12}{30} = 4$ ঘণ্টা।

88(c): 1 মিনিটে পূর্ণ অংশ $= \frac{1}{60} + \frac{1}{75} - \frac{1}{100}$

$= \frac{75 \times 100 + 60 \times 100 - 60 \times 75}{60 \times 75 \times 100} = \frac{3 \times 5 + 4 \times 3 - 3 \times 3}{3 \times 3 \times 100}$

= [প্রত্যেককে (25 × 20) দ্বারা ভাগ করে] $= \frac{18}{9 \times 100} = \frac{1}{50}$;

50 মিনিটে পূর্ণ হবে।

89(d): আগম নল একা খালি জলাধার $\frac{12 \times 9}{12 - 9} = 36$ ঘণ্টায় পূর্ণ করে।

জলাধারের জলধারণের ক্ষমতা $= 36 \times 60 \times 5 = 10800$ লিটার।

90(b): 4 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব $= \left(4\frac{2}{7}\right) \times 14 = \frac{30}{7} \times 14 = 60$ মিটার।

বেগ $= \frac{60}{4} = 15$ মিটার/সেকেন্ড $= 15 \times \frac{18}{5} = 54$ কিমি/ঘণ্টা।

91(a): চাকার পরিধি $= 2\pi r = 2 \times \frac{22}{7} \times 1.75 = 2 \times \frac{22}{7} \times \frac{7}{4} = 11$ মিটার

4 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব $= 11 \times 5 = 55$ মিটার

ট্রেনের বেগ $= \frac{55}{4}$ মিটার/সেকেন্ড

$= \frac{55}{4} \times \frac{18}{5} = \frac{11 \times 9}{2} = 49.5$ কিমি/ঘণ্টা

92(c): দুধ $= \frac{3}{5} \times$ জল ⇒ $\frac{\text{দুধ}}{3} = \frac{\text{জল}}{5} = \frac{\text{মোট মিশ্রণ}}{3 + 5}$

বা, দুধ $= \frac{3}{8}$ (মোট মিশ্রণ); মিশ্রণে দুধের অনুপাত = 3 : 8.

93(a): পিতা = 7x, পুত্র = 3x

$(7x) \times (3x) = 756 \Rightarrow x^2 = \frac{756}{7 \times 3} = \frac{108}{3} = 36 \Rightarrow x = 6$

বর্তমান বয়স: 7 × 6, 3 × 6 = 42, 18 বছর।


6 বছর পর: পিতা = 48, পুত্র = 24

বয়সের অনুপাত = 48 : 24 = 2 : 1.

94(d): ইঞ্জিনিয়ারের শতকরা হার $= 100 - 80 = 20\%$

$20\% \to 35$ জন, $100\% \to \frac{35}{20} \times 100 = 175$ জন।

95(b):




পুরুষ : মহিলা = 8.5 : 8.5 = 1 : 1

পুরুষ $= \left(\frac{100}{1 + 1}\right) \times 1 = 50$ জন।

96(a): 6 সদস্যের বর্তমান বয়সের সমষ্টি $= 22 \times 6 = 132$ বছর

7 বছর পূর্বে মোট বয়স $= 132 - 7 \times 6 = 90$ বছর

ওই সময় পরিবারের মোট সদস্য সংখ্যা = 5

গড় বয়স $= \frac{90}{5} = 18$ বছর।

97(b): নতুন ছাত্রের বয়স = বাদ পড়া ছাত্রের বয়স – ছাত্র সংখ্যা × বয়সের হ্রাস =

$18 - 8 \times \frac{3}{12} = 16$ বছর।

98(b): সরল সুদ $= 3300 - 2500 = 800$ টাকা

সুদ $= \frac{\text{আসল} \times \text{বছর} \times \text{হার}}{100}$

$\Rightarrow 800 = \frac{2500 \times t \times 8}{100}$ বা, $t = \frac{800 \times 100}{2500 \times 8} = 4$

99(b): আসল + 2 বছরের সুদ = 756 টাকা

আসল + 3.5 বছরের সুদ = 873 টাকা

$1.5\left(\frac{3}{2}\right)$ বছরের সুদ $= 873 - 756 = 117$ টাকা

2 বছরের সুদ $= 117 \times \frac{2}{3} \times 2 = 39 \times 4 = 156$ টাকা।

আসল $= 756 - 156 = 600$ টাকা।

100(d): 6 বছরে → 2 গুণ, 12 বছরে → 3 গুণ

18 বছরে → 4 গুণ, 24 বছরে 5 গুণ।

*প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল ও ডঃ শক্তিপদ নন্দ*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## পড়াশোনার পাশাপাশি নজর দাও স্কিল ডেভেলপমেন্টে



**রজনী মুখোপাধ্যায়**
অ্যাসিস্ট্যান্ট রিজিওনাল রোটারি ফাউন্ডেশন কোঅর্ডিনেটর
রোটারি ইন্টারন্যাশনাল
প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট
ইউনিসেভেন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার

ছেলেমেয়েদের ইন্টারভিউ নিতে গিয়ে সবথেকে বেশি দুর্বলতা দেখতে পাই তাদের কমিউনিকেশন স্কিলে। বাংলা ছাড়া অন্য ভাষা ভালোভাবে বলতে পারে না অনেকেই। অথচ এখন তো সব সংস্থার দেশি-বিদেশি ক্রেতা রয়েছে। ফলে শুধু মাতৃভাষাটুকু জানলে চাকরির বাজারে মুশকিলে পড়তে হবে। কাজের জন্য কাজের ভাষাটা জানা জরুরি। না হলে খুব ভালো করে বিষয়টাকে জানলেও, ঠিক করে বোঝাতে না পারায় চাকরির সুযোগ হাতছাড়া হয়ে যায়।

বিষয়টাকে মন দিয়ে জানাটাও খুব প্রয়োজন। ইঞ্জিনিয়ারিং কলেজের ক্যাম্পাসিংয়ে গিয়ে দেখেছি, ফার্স্ট ইয়ারে যে ড্রয়িং শেখানো হয়েছিল সেটাও অনেকের মনে নেই। অথচ এই অংশটি ইঞ্জিনিয়ারিংয়ের ভিত বলা যায়।

সুতরাং পড়াশোনা অবশ্যই ভালো করে করতে হবে এবং তাকে কাজে লাগাতে জানতে হবে।

### দক্ষতা বৃদ্ধি

সাধারণ স্নাতক বা স্কুল পাশ করে যারা চাকরি খুঁজছ, তাদের বলি, প্রত্যেক ক্ষেত্রেই কোনও-না-কোনও স্কিল দরকার, সেটা তোমার মধ্যে আছে কিনা, সে ব্যাপারে আগে নিশ্চিত হতে হবে নিজেকেই। কলেজ পাশ করেছ, ইন্টারভিউয়ের জন্য ডাকও পাবে। কিন্তু তারপর কী? যদি স্বতন্ত্র কোনও দক্ষতা না থাকে, তাহলে কী করে বোঝাবে নিজের গুরুত্ব? নিজস্ব কোনও প্রতিভা থাকলে আলাদা কথা। কিন্তু না থাকলে প্রয়োজন অনুযায়ী নিজেকে দক্ষ করে তুলতে হবে।

আমরা সবসময় উচ্চশিক্ষার কথা ভাবি। কিন্তু তার সঙ্গে যে স্কিল ডেভেলপমেন্টও জরুরি সেটা মাথায় রাখি না। স্নাতক কোর্স পাশ করব আর চাকরি পেয়ে যাব— এই লক্ষ্য নিয়ে এগোলে কাজ খোঁজার প্রাথমিক পর্বেই ধাক্কা খেতে হবে।

আজকাল বেশিরভাগ কাজই অনলাইন মাধ্যমে হয়। ফলে ইন্টারনেট থেকে শুরু করে মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল ইত্যাদি সফটওয়্যারের ব্যবহার জানতেই হবে। আগের মতো ডিকটেশন নিয়ে টাইপ করে ফেললেই আজকাল কাজ হয় না, ডিকটেশনের বিষয়বস্তুকে সাজিয়েগুছিয়ে ডিজিট্যাল ফর্ম্যাটে কনভার্ট করে তাকে পেশ করার মতো জায়গায় আনতে হবে। এখানে তাই পড়াশোনার ভিত শক্তপোক্ত হওয়া চাই, লেখা ও ভাষার দক্ষতাও থাকতে হবে, সেইসঙ্গে কম্পিউটারের স্কিলটাও আয়ত্ত করতে হবে।

আবার যে কমার্স পড়ে সে স্বাভাবিক ভাবেই অ্যাকাউন্টসের কাজই করতে চাইবে। কিন্তু তাকে মনে রাখতে হবে, খাতায় হিসাব লেখার চল উঠে গেছে। কাজ পেতে গেলে কম্পিউটার এবং সফটওয়্যারের ব্যবহার তাকে শিখে নিতেই হবে।

পড়াশোনার ফাঁকে স্বল্পমেয়াদি কোর্স করে নিজের দক্ষতা বাড়িয়ে নেওয়ার সুযোগ কিন্তু আছে।

এখন শহরের পাশাপাশি গ্রামেও সরকারি-বেসরকারি উদ্যোগে প্রচুর এ ধরনের কেন্দ্র হয়েছে, যেখানে স্পোকেন ইংলিশ, কম্পিউটার থেকে শুরু করে পার্সোন্যালিটি ডেভেলপমেন্ট এবং টিম ম্যানেজমেন্ট পর্যন্ত শেখানো হয়। চাইলে অনলাইনও শেখা যায়।

### দলবদ্ধভাবে কাজ করার মানসিকতা

সব সংস্থাতেই এখন টিমওয়ার্ক গুরুত্ব পায়। ইন্টারভিউ নেওয়ার সময়ই বোঝার চেষ্টা করা হয় প্রার্থী দলের সঙ্গে কাজ করতে পারবে কিনা। জানতে চাওয়া হয়, তার বন্ধুর সংখ্যা কত? কী ধরনের, কোন বয়সের বন্ধু? এর থেকে ধারণা করা যায় যে, সে সবার সঙ্গে মিশতে পারে কিনা। বয়েসের ব্যবধান বাধা হয়ে দাঁড়ায় কিনা। বিভিন্ন অর্থনৈতিক স্তর থেকে আসা মানুষজনের সঙ্গে সে একইভাবে মিশতে পারে কিনা।

যেহেতু এখন বেশিরভাগই টিমওয়ার্কের ভিত্তিতে কাজ, ফলে 'সবার আগে আমি' এই মনোভাব ত্যাগ করতে হবে। যতক্ষণ না কাজ দিয়ে নিজের অস্তিত্ব ও গুরুত্ব প্রমাণ করতে পারছ, তার আগে তুমি কেউ না। নিউক্লিয়ার পরিবারে এখনকার প্রজন্মের ছেলেমেয়েরা বেশি গুরুত্ব ও প্রাধান্য পেয়ে মানুষ হয়। ফলে অনেক ক্ষেত্রে কাজের জায়গায় প্রথমেই ঘা খেতে হয়। তাই আমিত্বকে ভুলতে হবে। এই 'কেউ না' অবস্থা থেকে একমাত্র নিজের পরিশ্রম, জ্ঞান, দক্ষতা আর শিক্ষার প্রয়োগ ঘটিয়েই 'কেউকেটা' হতে পারবে।

মহোৎসবে মহাভ্রমণ
পুজোর ভ্রমণ গাইড ২০১৯
সঙ্গে বিনামূল্যে অমরেন্দ্র চক্রবর্তীর দেড় ঘণ্টার DVD জর্ডন-ইজরায়েল
পুজোয় বেড়ানোর কিংবদন্তি গাইডবুক
ভারত ভ্রমণের সচিত্র বিবরণ। সঙ্গে সহজ বিদেশভ্রমণ।
আগাগোড়া সব সাম্প্রতিক তথ্য।
সঙ্গে অন্তরঙ্গ ভ্রমণ-পরামর্শ। আর বিশ্বমানের ছবি।
পুজোয় বেড়ানোর কিংবদন্তি ভ্রমণগাইড।
শীঘ্রই বেরচ্ছে ॥ দাম ১০০ টাকা
সংবাদপত্র-বিক্রেতাকে বা পত্রিকাস্টলে এখনই বলে রাখুন।
প্রকাশের পরই ফুরিয়ে গেলেও আর পুনর্মুদ্রিত হবে না।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
shine.com Great careers start here
Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA
Companies Recruiting This Week

Aviation Connect
Company: Aviation Connect
Position Title: Air Hostress & Ground staff In Airport
Experience, Location: Both Fresher & Experienced Kolkata, Bhubaneswar & Delhi
Profile: Aviation connect provide 100% placement to our students after completion of the courses or workshop. Age: 18 years to 27 years, Education : Min Higher Secondary, Salary : 11,000-34,000/Month. Fresher may apply. Call on 9051941467/03346037102 & also Apply to : info@aviationconnect.in
To apply for this job, log on to www.shine.com and search using 97200384 as keyword.

GOLDMAN CONSULTANTS
Company: Goldman Consultants
Position Title: HR Recruiter
Experience, Location: Fresher, Kolkata
Profile: Walk-In-Interview for HR Recruiter. Both fresher & experienced candidate may apply. Salary negotiable. Job Location/Interview Location- HA-58, Salt Lake, Sec-3, Kolkata-700097. Call 9339556600 / 033-23354445. Email your resume to - gmc_jobs@hotmail.com
To apply for this job, log on to www.shine.com

Associated Resource Company
Company: Associated Resource Company
Position Title: Sales Manager
Experience, Location: Min 3 years, Kolkata
Profile: We are looking for Assistant Sales Manager for a Industrial Product manufacturing company. Experience: Minimum 3 years of experience required in Corporate Sales , Industrial Sales.
To apply for this job, log on to www.shine.com and search using 9880052 as keyword.

IDP Education India Pvt Ltd
Company: IDP Education India Pvt Ltd
Position Title: Counsellor
Experience, Location: 2-6 years, Kolkata
Profile: To provide professional and quality counselling service that exceeds customer and client expectations To achieve student invoice target by intake and assigned destination Support execution of the destination wise activity calendars to deliver pipeline leads and conversion targets by intake.
To apply for this job, log on to www.shine.com and search using 9870347 as keyword.

Teleperformance Global Services Pvt Ltd
Company: Teleperformance Global Services Pvt Ltd
Position Title: Quality analyst
Experience, Location: 0-1 Year, Kolkata
Profile: Quality analyst will be responsible to listen to calls in 3 ways: live, recorded, and side by side while communicating feedback to encourage and discourage certain practices.Quality analysts basically has to work on a continuous process of evaluating and identifying key behaviors that drive sales and improve customer experience.
To apply for this job, log on to www.shine.com and search using 10051309 as keyword.

ONETECH BPO
Company: OneTech BPO
Position Title: Customer Care Executive
Experience, Location: 0 to 1 Year, Kolkata
Profile: We are hiring for candidates for CCE Openings. Bpo Inbound no target voice process. We are hiring fresher candidates for Day shift Domestic/International. 6 days working.
To apply for this job, log on to www.shine.com and search using 9942249 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*
*Not for Candidates
shine.com Great careers start here

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## এক নজরে

### পশ্চিমবঙ্গ পুলিশ হাউজিংয়ে ইঞ্জিনিয়ার

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার এবং সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে কিছু দক্ষ কর্মী নেবে ওয়েস্ট বেঙ্গল পুলিশ হাউজিং অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন। চুক্তিতে নিয়োগ হবে সিভিল শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/2019.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbphidcl.com দরখাস্তের শেষ তারিখ ২৬ জুলাই। বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### সরকারি ছাত্রাবাসে চাকরি

সুপারিন্টেন্ডেন্ট, হেল্পার, দারোয়ান-কাম-নাইট গার্ড এবং সুইপার পদে ৪ জনকে নেবে বাঁকুড়ার ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ার অ্যান্ড ট্রাইবাল ডেভেলপমেন্ট বিভাগ। চুক্তিতে নিয়োগ হবে এই বিভাগের পরিচালনাধীন স্কুলের ছাত্রাবাসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1040/BNK/BCW.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.bankura.nic.in

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৩১ জুলাইয়ের মধ্যে ডাকে বা সরাসরি পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিস্তারিত তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### সরকারি মেডিক্যাল কলেজে আংশিক সময়ের চাকরি

কর্মবন্ধু পদে ৪ জন কর্মী নেবে মহেশ ভট্টাচার্য হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল। নিয়োগ হবে আংশিক সময়ের জন্য। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 878/MBHMCH/CH/PRIN/ADM/19.

শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট। বয়স: ৮-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ৩,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১৯ জুলাই, দুপুর ১টা থেকে।

আগ্রহী প্রার্থীরা বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.mbhmch.org

### প্রসার ভারতীর কলকাতা কেন্দ্রে মার্কেটিং এক্সিকিউটিভ

মার্কেটিং এক্সিকিউটিভ এবং মার্কেটিং এক্সিকিউটিভ গ্রেড-ওয়ান পদে ৪ জনকে নেবে প্রসার ভারতী। নিয়োগ করা হবে কলকাতা দূরদর্শন কেন্দ্র এবং সংশ্লিষ্ট সেলস অ্যান্ড মার্কেটিং সেন্টারে। নিয়োগ হবে চুক্তিতে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: http://prasarbharati.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৬ অগস্টের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

আগ্রহী প্রার্থীরা বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### রাজ্যের স্বাস্থ্য বিভাগে ফুড সেফটি ইন্সপেক্টিং অফিসার

ডিস্ট্রিক্ট ফুড সেফটি ইন্সপেক্টিং অফিসার পদে ১৩ জনকে নেবে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DFSIO/68(1)/2019.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in দরখাস্ত করা যাবে ১ অগস্ট থেকে ১৩ অগস্টের মধ্যে। ফি বাবদ দিতে হবে ২১০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

বিস্তারিত তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্য স্বাস্থ্য দপ্তরে ৮১৫৯

*প্রথম পাতার পর*

করে 'Submit' করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ২১০ টাকা। গভর্নমেন্ট রিসিপ্ট পোর্টাল সিস্টেম (জি আর আই পি এস) পদ্ধতিতে ফি জমা দিতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।

বিস্তারিত জানতে আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# বেসিলে ২৬৭৮

*প্রথম পাতার পর*

ইলেক্ট্রিক্যাল বা ওয়্যারম্যান ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট। উচ্চতর ডিগ্রি বা ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। পাশাপাশি, ইলেক্ট্রিক্যাল সেফটি বিষয়ে ওভারহেড সার্টিফিকেট থাকতে হবে। এ ছাড়া ইলেক্ট্রিক্যাল কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। প্রার্থীর অবশ্যই ইংরেজি ও হিন্দি লিখতে ও পড়তে জানা চাই। **বয়স:** ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৯,৩৮১.০৬ টাকা।

**আন-স্কিল্ড ম্যানপাওয়ার:** মোট শূন্যপদ ১,৩৪২টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বোর্ড থেকে ক্লাস এইট পাশ। এ ছাড়া ইলেক্ট্রিক্যাল সিস্টেম-সংক্রান্ত কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। প্রার্থীর অবশ্যই হিন্দি লিখতে ও পড়তে এবং ইংরেজি পড়তে জানা চাই। **বয়স:** ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৭,৬১৩.৪২ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.beciljobs.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৫ জুলাই। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা স্বপ্রত্যয়িত শিক্ষাগত যোগ্যতার নথিপত্র, ২ কপি পাসপোর্ট মাপের ফটো, প্যান কার্ড, আধার কার্ড আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। এন ই এফ টি বা আর টি জি এস পদ্ধতিতে ফি 'BROADCAST ENGINEERING CONSULTANTS INDIA LIMITED (Bank Name: Corporation Bank, Account No. 510341000702746, IFSC: CORP0000371)'-এর অনুকূলে প্রদেয় হতে হবে।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.becil.com

# রাউরকেল্লার ইস্পাত হাসপাতালে ৩৩৯

*প্রথম পাতার পর*

অনগ্রসর ২৩)। মোট শূন্যপদের মধ্যে ৩৪টি প্রাক্তন সমরকর্মী, ৫টি অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, ৪টি শ্রবণসংক্রান্ত এবং ৩টি একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা, এর পাশাপাশি স্টেট নার্সিং কাউন্সিল বা নার্সিং কাউন্সিল অব ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ডিপ্লোমা বা স্নাতক কোর্সে অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। এই পদের জন্য শুধু মহিলারাই আবেদন করবেন।

**টেকনিশিয়ান-ল্যাবরেটরি (ট্রেনি):** ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ৩)। মোট শূন্যপদের মধ্যে ৪টি প্রাক্তন সমরকর্মী এবং ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত, শ্রবণসংক্রান্ত ও একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ মেডিক্যাল ল্যাব টেকনোলজিতে ডিপ্লোমা এবং কোনও হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিশিয়ান-রেডিওলজি (ট্রেনি):** ১৫টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ২)। মোট শূন্যপদের মধ্যে ২টি প্রাক্তন সমরকর্মী এবং ১টি করে শূন্যপদ অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ রেডিওগ্রাফি বা মেডিক্যাল ইমেজিং টেকনোলজিতে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ রেডিওগ্রাফি বা মেডিক্যাল ইমেজিং টেকনোলজিতে ডিপ্লোমা এবং কোনও হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিশিয়ান-নিউরোটেকনোলজিস্ট:** ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ নিউরো-টেকনোলজিতে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ নিউরো-টেকনোলজিতে ডিপ্লোমা এবং কোনও হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিশিয়ান-কার্ডিওলজি:** ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। মোট শূন্যপদের মধ্যে ২টি প্রাক্তন সমরকর্মী, ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ কার্ডিয়াক টেকনোলজিতে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ কার্ডিয়াক টেকনোলজিতে ডিপ্লোমা এবং কোনও হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিশিয়ান-নেফ্রোলজি:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। মোট শূন্যপদের মধ্যে ১টি করে শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ রেনাল ডায়ালিসিস টেকনোলজিতে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ রেনাল ডায়ালিসিস টেকনোলজিতে ডিপ্লোমা এবং কোনও হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিশিয়ান-বায়োমেডিক্যাল:** ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ মেডিক্যাল টেকনোলজিতে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা এবং কোনও হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিশিয়ান-সি এস এস ডি:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ বায়োটেকনোলজি বা মাইক্রোবায়োলজিতে বি এসসি, সঙ্গে কোনও হাসপাতাল বা ফার্মাসিউটিক্যাল সংস্থার সেন্ট্রাল স্টেরাইল সার্ভিস বিভাগে বা অপারেশন থিয়েটারে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**লন্ড্রি অপারেটর (ট্রেনি):** ৪টি (তফসিলি জাতি)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ফিটার ট্রেডে আই টি আই কোর্স পাশ।

**অ্যাটেন্ড্যান্ট-ড্রেসার (ট্রেনি):** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে ড্রেসিংয়ে সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স পাশ। এর পাশাপাশি ১০০ শয্যাবিশিষ্ট কোনও মাল্টি স্পেশ্যালিটি হসপিটালে ড্রেসার পদে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**মেডিক্যাল অফিসার:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস, ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। এর পাশাপাশি ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ২০-৮-২০১৯ তারিখে মেডিক্যাল অফিসারের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছর এবং অন্যান্য সব পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। সবক'টি পদের ক্ষেত্রেই তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ১৬,৮০০-২৪,১১০ টাকা। মেডিক্যাল অফিসার পদের ক্ষেত্রে নিয়োগের প্রথম বছরে প্রতি মাসে ২০,৬০০-৪৬,৫০০ টাকা। ১ বছর পরে বেতনক্রম ২৪,৯০০-৫০,৫০০ টাকা।

নার্সিং সিস্টার (ট্রেনি) ও টেকনিশিয়ান (ট্রেনি) পদের ক্ষেত্রে প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড: প্রতি মাসে প্রথম বছরে ১০,৭০০ টাকা এবং দ্বিতীয় বছরে ১২,২০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে বেতনক্রম ১৬,৮০০-২৪,১১০ টাকা।

লন্ড্রি অপারেটর (ট্রেনি) ও অ্যাটেন্ড্যান্ট ড্রেসার (ট্রেনি) পদের ক্ষেত্রেও প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড: প্রতি মাসে প্রথম বছরে ৮,৬০০ টাকা এবং দ্বিতীয় বছরে ১০,০০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে বেতনক্রম ১৫,৮৩০-২২,১৫০ টাকা।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে অন্তত ১৫০ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৪৩ সেমি)। ওজন: মেডিক্যাল অফিসার পদের ক্ষেত্রে অন্তত ৪৫ কেজি (মহিলাদের ক্ষেত্রে ৩৫ কেজি)। অন্যান্য পদের ক্ষেত্রে ওজন হতে হবে অন্তত ৪০ কেজি (মহিলাদের ক্ষেত্রে ৩৫ কেজি)।

মেডিক্যাল অফিসার পদের ক্ষেত্রে বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে পুরুষদের ক্ষেত্রে যথাক্রমে ৭২ সেমি ও ৭৫ সেমি এবং মহিলাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৫ সেমি ও ৭৯ সেমি। বাকি পদের ক্ষেত্রে বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে পুরুষদের ক্ষেত্রে যথাক্রমে ৭৫ সেমি ও ৭৯ সেমি এবং মহিলাদের ক্ষেত্রে যথাক্রমে ৭০ সেমি ও ৭৩ সেমি।

**দৃষ্টিশক্তি:** মেডিক্যাল অফিসার: দূরের ক্ষেত্রে এক চোখ ক্ষতিগ্রস্ত প্রার্থীদের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬ মানের হতে হবে। কাছের ক্ষেত্রে চশমা-সহ বা চশমা ছাড়া উভয় চোখে জে ১ মানের হতে হবে। চশমার পাওয়ার প্লাস মাইনাস ৮.০ ডি-র বেশি হওয়া চলবে না। অন্যান্য পদের ক্ষেত্রে দূরের দৃষ্টিশক্তি চশমা-সহ বা চশমা ছাড়া ৬/১৮ মানের হতে হবে। এক চোখ ক্ষতিগ্রস্ত প্রার্থীদের ক্ষেত্রে দূরের দৃষ্টিশক্তি ভালো চোখে ৬/১২ মানের হতে হবে। কাছের ক্ষেত্রে উভয় চোখে জে ২ বা এন ৮ মানের হতে হবে। চশমার পাওয়ার প্লাস মাইনাস ৪.০ ডি-র বেশি হওয়া চলবে না। কোনও পদের ক্ষেত্রেই রাতকানা রোগ থাকা চলবে না।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে ইন্টারভিউ বা ট্রেড টেস্ট বা স্কিল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা। পরীক্ষাকেন্দ্র ভুবনেশ্বর এবং রাউরকেল্লা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৫ জুলাই থেকে ২০ অগস্ট পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপিজি বা জে পি ই জি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (৫০ কেবি সাইজের মধ্যে), সই (২০ কেবি সাইজের মধ্যে) এবং প্রযোজ্য ক্ষেত্রে কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে মেডিক্যাল অফিসার পদের ক্ষেত্রে ৫০০ টাকা, নার্সিং সিস্টার ট্রেনি, টেকনিশিয়ান ট্রেনি এবং টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ২৫০ টাকা, অ্যাটেন্ড্যান্ট ড্রেসার ট্রেনি এবং লন্ড্রি অপারেটর ট্রেনি পদের ক্ষেত্রে ১৫০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

অনলাইনে দরখাস্ত পূরণ করে সাবমিটের পর ইউনিক রেজিস্ট্রেশন নম্বর-সহ সিস্টেম জেনারেটেড রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানে ২৩১ নার্সিং অফিসার

*প্রথম পাতার পর*

নার্সিং ও মিডওয়াইফারির সার্টিফিকেট কোর্স পাশ। এর পাশাপাশি স্টেট নার্সিং কাউন্সিলে 'এ' গ্রেড নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। **বয়স:** ১৯-৮-২০১৯ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতন:** ৪৪,৯০০ টাকা।

প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.neigrihms.gov.in

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ফি বাবদ ৫০০ টাকার ডিমান্ড ড্রাফ্ট (তফসিলি এবং আর্থিকভাবে অনগ্রসরদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ড্রাফ্টটি 'Deputy Director (Admn), NEIGRIHMS'-এর অনুকূলে শিলংয়ে প্রদেয় হতে হবে।
- ✓প্রার্থীর তিন কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে ১টি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে বৈধ ইনকাম অ্যান্ড অ্যাসেট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত ১৯ অগস্টের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Recruitment Cell, Establishment Section - III, North Eastern Indira Gandhi Regional Institute of Health and Medical Sciences, Mawdiangdiang, Shillong-793018.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

## ভারত ইলেক্ট্রনিক্সে ১০০ ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস

১০০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ভারত ইলেক্ট্রনিক্স। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স-সহ বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায়। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 12930/64/HRD/GAD/02.

ট্রেড অনুসারে আসন: মেকানিক্যাল: ২৯টি, কম্পিউটার সায়েন্স: ১৫টি, মডার্ন অফিস ম্যানেজমেন্ট অ্যান্ড সেক্রেটারিয়াল প্র্যাক্টিস: ১০টি, ইলেক্ট্রনিক্স: ৩২টি, ইলেক্ট্রিক্যাল: ৮টি, সিভিল: ৬টি।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা কোর্স পাশ। বয়স: ৩০-৬-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

৩১-৭-২০১৬-র আগে ডিপ্লোমা পাশ প্রার্থীরা আবেদন করবেন না।

স্টাইপেন্ড: প্রতি মাসে ১০,৪০০ টাকা।

প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। রেজিস্ট্রেশনের পর ওই ওয়েবসাইটেই এস্টাবলিশমেন্ট সার্চ অপশনে গিয়ে ভারত ইলেক্ট্রনিক্সে অ্যাপ্রেন্টিসশিপের জন্য আবেদন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (২০০ কেবি সাইজের মধ্যে), আধার কার্ড (১ এম বি সাইজের মধ্যে) এবং শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র (১ এম বি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনের শেষ তারিখ ২১ জুলাই।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## হাওড়া পুলিশ কমিশনারেটে ড্রাইভার

৫৫ জন ড্রাইভার নেবে হাওড়া পুলিশ কমিশনারেট। নিয়োগ হবে চুক্তিতে।

**শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট পাশ। প্রার্থীকে বাংলায় পড়তে ও লিখতে জানতে হবে। এর পাশাপাশি অন্তত ৩ বছরের বৈধ লাইট মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স:** ১৮-৭-২০১৯ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** প্রতি মাসে ১১,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউ, ড্রাইভিং টেস্ট ও মেডিক্যাল টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান সংগ্রহ করা যাবে এই ঠিকানা থেকে: এম টি সেকশন, শিবপুর পুলিশ লাইনস, ৪৩৮, জি টি রোড, হাওড়া-৭১১১০২।

**পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন:** ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের নকল। ✓ড্রাইভিং লাইসেন্সের নকল। ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের নকল। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ২৮ জুলাইয়ের মধ্যে উপরোক্ত ঠিকানায় রাখা ড্রপবক্সে সরাসরি জমা দিতে হবে। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন: The Commissioner of Police, Howrah, WB.

তথ্যের জন্য যোগাযোগ করুন উপরোক্ত ঠিকানায়।

THE MISSION HOSPITAL
Durgapur, an NABH accredited
Super Speciality Hospital requires

Pharmacist
B.Pharma or D.Pharma
1-2 years experience in healthcare.

Front Office Assistant
BHM
1-2 years experience in healthcare

Pharmacy Aide
HS / Graduate
1-2 years experience in healthcare.

Assistant (F&A)
B.Com
Fresher or 1-2 years experience.

Interested candidates may mail their resume to:
hrd@themissionhospital.in or ramesh.lall@themissionhospital.in
within 15 days.

১ চান্সে পাশ করুন
B.A / M.A - [HISTORY, ENGLISH, GEOGRAPHY, POL. Sc, EDUCATION, SOCIOLOGY] B.Sc / M.Sc - [PHYSICS, CHEMISTRY, MATH, STATS, ZOOLOGY, BOTANY, MICROBIOLOGY, BIO-TECHNOLOGY]
B.Com / M.Com / BBA / MBA / BCA / MCA
B.Tech / M.Tech / BLIS / LLB / LLM
Pharmacy, Nursing
B.ED @ 4000/- P.M
M.ED @ 5000/- P.M
✦ UGC Approved University (Regular / Distance) কোর্সে ভর্তি করা হয়।
✦ Special Facility For Working people ✦ প্রয়োজনীয় কোচিং এর ব্যবস্থা
✦ A.C Class room ✦ Hostel Facility (Boys / Girls)
VIII/X/XII Fail ?
১ বছরে NIOS (Govt.) বোর্ড থেকে পাশ করুন।
Joint Entrance & ICSE / CBSE / WB বোর্ড Exam Classes
NEET / JEE ( MAIN + ADVANCE )
VOCLET / JELET / CAT / MAT / GMAT / CLAT / JENPAUH
MOCK TEST : 1 to 5 Test @ 750/- TO 2500/-
Scholarship up-to 50 %
FREE SPOKEN ENGLISH
Mindmine
Tutorial Home under MIST
Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 )
✦ মৌলালী (Taltala) ✦ ঠাকুরপুকুর (Joka)
@7595077657 @7595077656



নীরব আলো
সম্পূর্ণ বিনামূল্যের
মাসিক অনলাইন ম্যাগাজিন
কবিতা, গল্প, ছোটগল্প,
ধারাবাহিক, অনুগল্প, অঙ্কন
আজই ডাউনলোড
করুন বিনামূল্যে
Free Download
www.eNirobAalo.tk
আপনার লেখা প্রকাশিত করতে লেখা পাঠান
Email : help.ekdn@gmail.com